আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

• • • • • • • • • • • • • • • • • •

আর যখন ফেরেশতা বলল হে মারইয়াম!, আল্লাহ তোমাকে পছন্দ করেছেন এবং তোমাকে পবিত্র পরিচ্ছন্ন করে দিয়েছেন। আর তোমাকে বিশ্ব নারী সমাজের উর্ধ্বে মনোনীত করেছেন।

সূরা আল ইমরান ৪২

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২১ মে ২০২৬ ॥ ০৩ জিলহজ্জ ১৪৪৭ ॥ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

সরকার পদ্মা ও তিস্তা ব্যারাজের কাজে হাত দেবে : প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

বিএনপি সরকার পদ্মা ব্যারাজ ও তিস্তা ব্যারাজের কাজে হাত দেবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার

২ এর পাতায় দেখুন

দেশের মানুষ কখনো জামায়াতকে ক্ষমতায় আনবে না: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

ঠাকুরগাঁওয়ের বহু প্রতীক্ষিত পরিত্যক্ত বিমানবন্দর চালুর অগ্রগতি পরিদর্শনে এসে জামায়াতে ইসলামীকে নিয়ে কড়া মন্তব্য

২ এর পাতায় দেখুন



স্বাধীন বিচার বিভাগীয় সচিবালয়ের অপমৃত্যু: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, 'স্বাধীন বিচার

২ এর পাতায় দেখুন

আওয়ামী লীগ ব্যাক করেনি, তারা ছিল : আসিফ নজরুল

কীর্তনখোলা ডেস্ক

জুলাই অভ্যুত্থানে পতনের পর 'কার্যক্রম নিষিদ্ধ' আওয়ামী লীগ আবারও রাজনীতিতে 'ফিরে এসেছে' বলে

২ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ক্রসফায়ারে ২ জনকে হত্যা

আবুল হাসানাতসহ চার জনের বিচার শুরু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে ২০১৫ সালে জাতীয়তাবাদী ছাত্রদল ও জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার (জাসস) ২ নেতাকে ক্রসফায়ারে হত্যা মামলায় শেখ হাসিনার ফুফাতো ভাই আবুল হাসানাত আব্দুল্লাহ ও সাবেক এসপি এহসানুল্লাহসহ ৪ জনের বিরুদ্ধে বিচার শুরুর আদেশ দিয়েছেন ট্রাইব্যুনাল। বুধবার (২০ মে) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ২-এর বিচারিক প্যানেল এ আদেশ দেন। এ মামলার সাক্ষ্যগ্রহণ আগামী ১৭ জুন থেকে শুরু হবে। মোট সাক্ষী ২৮ জন। বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার ভুক্তভোগী দুজন হলেন আগৈলঝাড়া উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার এবং একই উপজেলার জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা জাসাসের সাংগঠনিক সম্পাদক কবির মোল্লা। এই মামলার চার আসামির মধ্যে সাবেক সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহ ও বরিশালের তৎকালীন পুলিশ সুপার (এসপি) এ কেএম এহসানউল্লাহ পলাতক। আর গ্রেপ্তার হয়ে কারাগারে আছেন অপর দুই আসামি দুজন বরিশালের উজিরপুর থানার সাবেক সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. মাহাবুল ইসলাম ও মো. জসিম উদ্দিন। বুধবার তাদের ট্রাইব্যুনালে হাজির করা হয়। এই মামলার আনুষ্ঠানিক অভিযোগ গঠনের আদেশ পড়ে শোনান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী। আদেশ পড়ে শোনানোর পর বিচারপতি নজরুল ইসলাম উপস্থিত দুই আসামির কাছে জানতে চান, আপনারা দোষ স্বীকার করেন কিনা। এর জবাবে মাহাবুল ইসলাম ও জসিম উদ্দিন বলেন, তারা নির্দোষ। আনুষ্ঠানিক অভিযোগে বলা হয়েছে, হাসানাত আবদুল্লাহর রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী ছিলেন টিপু হাওলাদার ও কবির মোল্লা। রাজনৈতিকভাবে মোকাবিলায় ব্যর্থ হয়ে হাসানাত আবদুল্লাহ রাষ্ট্রীয় ক্ষমতার অপব্যবহার করে এই দুজনকে হত্যার পরিকল্পনা ও ষড়যন্ত্র করেন। হাসানাত আবদুল্লাহ ও এহসানউল্লাহ তাদের অধস্তন পুলিশ সদস্যদের দিয়ে

২ এর পাতায় দেখুন

অর্থনৈতিক সংকটের ধাক্কা রাজস্ব আদায়ে

কীর্তনখোলা ডেস্ক

নানামুখী অর্থনৈতিক সংকটে ব্যবসা পরিচালনার দৈনন্দিন ব্যয় মেটাতেই হিমশিম খাচ্ছেন উদ্যোক্তারা। উচ্চ মূল্যস্ফীতিতে ভোক্তার কেনাকাটা কমেছে। যার ফলে ধীরগতি দেখা যাচ্ছে সরকারের রাজস্ব আহরণেও। চলতি অর্থবছরের তৃতীয় প্রান্তিকে (জানুয়ারি-এপ্রিল) সরকারের রাজস্ব ঘাটতি এক লাখ ৪ হাজার ৫৩৩ কোটি ১১ লাখ টাকা ছাড়িয়েছে। বুধবার (২০ মে) জাতীয় রাজস্ব বোর্ডের হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়।

২ এর পাতায় দেখুন

হাম ও হামের উপসর্গে প্রাণ গেল আরও ৬ শিশুর

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ছয়জন মারা গেছে। তাদের মধ্যে তিনজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি তিনজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। বুধবার (২০ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৮০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে

২ এর পাতায় দেখুন

আসামির স্বজনদের হামলায় ৬ পুলিশ সদস্য আহত

বরগুনা প্রতিনিধি

বরগুনায় হত্যা মামলার আসামি ধরতে গিয়ে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের সদস্যরা হামলার শিকার হয়েছেন। এতে ডিবি পুলিশের ছয়জন সদস্য আহত হয়েছেন। আহত ডিবি সদস্যরা বরগুনা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। মঙ্গলবার (১৯ মে) দিবাগত মধ্যরাতে হামলা করা হয়। থানা পুলিশ গিয়ে আহত ডিবি সদস্যদের উদ্ধার করে। একইসঙ্গে আসামি জহিরুলকে গ্রেপ্তার এবং চারজনকে আটক করা হয়। এ ঘটনায় পুলিশের ওপর হামলার অভিযোগে

২ এর পাতায় দেখুন

নগরীতে অনলাইন সেবায় মিলবে বিশুদ্ধ পানি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সিটি করপোরেশনে (বিসিসি) পানি সরবরাহ বিভাগের অনলাইন সেবা কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। বুধবার (২০ মে) দুপুর ১টার দিকে সিটি কপোরেশনের সভাকক্ষে পানি সরবরাহ বিভাগের অনলাইন সেবা কার্যক্রম উদ্বোধন করেন সিটি করপোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরিন। এর মাধ্যমে নগরবাসী এখন ঘরে বসেই তাদের পানির বিল পরিশোধসহ যাবতীয় অভিযোগ জানাতে পারবেন। বিল পরিশোধের সঙ্গে সঙ্গে পানি নিয়ে কোনও সমস্যা থাকলে তা অনলাইনের মাধ্যমে জানাতে পারবেন। এতে করে দ্রুত

২ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে যৌথ অভিযানে ৫০ লাখ রেণু পোনা জব্দ

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী জেলার গলাচিপায় জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) ও উপজেলা প্রশাসনের যৌথ অভিযানে ৫০ লাখ পিস গলদা ও বাগদা চিংড়ির রেণু পোনা জব্দ করা হয়েছে। বুধবার দুপুরে গলাচিপার সাগরদী সড়ক এলাকা থেকে এসব রেণু পোনা জব্দ করা হয়। জানা গেছে, জব্দ করা রেণু পোনার আনুমানিক বাজারমূল্য প্রায় ২ কোটি টাকা। এসময় পোনা পরিবহনে ব্যবহৃত একটি ট্রাক (ঢাকা মেট্রো-ড ১৪-৪১০৯) এবং ৪০টি ড্রাম জব্দ করা হয়। তবে অভিযানের সময় ট্রাকের চালক, হেলপার ও ৪-৫ জন শ্রমিক পালিয়ে গেছে। গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা ইজাজুল হক জানান, উদ্ধার করা রেণু পোনা রামনাবাদ নদীতে অবমুক্ত করা হয়েছে। এছাড়া জব্দকৃত ট্রাকটি উপজেলা মৎস্য দপ্তরের কাছে হস্তান্তর করা হয়েছে।

২ এর পাতায় দেখুন

নবজাতকের মৃত্যু ঘিরে শেবাচিমে উত্তেজনা, স্বজন-ইন্টার্নি সংঘর্ষ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে নবজাতকের মৃত্যুকে কেন্দ্র করে স্বজনদের সঙ্গে ইন্টার্ন চিকিৎসকদের সংঘর্ষ ও হাতাহাতির ঘটনা ঘটেছে। এ সময় দুই যুবককে মারধর করে কয়েক ঘণ্টা আটকে রাখার অভিযোগ উঠেছে ইন্টার্ন চিকিৎসক ও শিক্ষার্থীদের বিরুদ্ধে। পরে মঙ্গলবার দিবাগত রাত ১টার দিকে মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেওয়া হয়। ঘটনাটি হাসপাতালের নবজাতক ওয়ার্ডে ঘটলে সেখানে উত্তেজনা ও বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়। হাসপাতাল সূত্রে জানা গেছে, বরিশালের বানারীপাড়া উপজেলার চাখার এলাকার বাসিন্দা উজ্জল দের সাত দিনের কন্যাশিশু অসুস্থ হয়ে পড়লে ১৫ মে তাকে শেবাচিম হাসপাতালের নিবিড়

২ এর পাতায় দেখুন

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উপলক্ষ্যে শোভাযাত্রায় উপস্থিত বিভাগীয় কমিশনার খলিল আহমেদ-**কীর্তনখোলা**

বরিশালে ২৪ ঘণ্টায় মাদক কারবারিসহ গ্রেফতার ১৮

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মহানগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে গত ২৪ ঘণ্টায় বিশেষ অভিযান পরিচালনা করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। অভিযানকালে মাদক, মানবপাচার ও অসামাজিক কার্যকলাপের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে অভিযান চালিয়ে মোট ১৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বুধবার (২০ মে) বিএমপি মিডিয়া সেল থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বরিশাল মেট্রোপলিটন পুলিশের ৪টি থানা ও গোয়েন্দা শাখার পৃথক আভিযানিক টিম নগরীর বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে। এসময় ৩১০ পিস ইয়াবা ট্যাবলেট, ৫৫ গ্রাম গাঁজা ও ১৬০ মিটার অবৈধ

২ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় ভুল চিকিৎসায় নবজাতকের মৃত্যুর অভিযোগ

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়া পৌর শহরের হাসপাতাল সড়কে ধান হাটার পাশে বেসরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান টপটেন জেনারেল হাসপাতালে ভুল চিকিৎসায় এক নবজাতক শিশুর মৃত্যুর অভিযোগ উঠেছে। বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে মঙ্গলবার বিকেল

২ এর পাতায় দেখুন



বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

বরিশালে হামে আক্রান্ত আরও দুই শিশুর মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে হাম পরিস্থিতি উদ্বেগজনক রূপ নিয়েছে। গত ২৪ ঘণ্টায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে হামে আরও দুই শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২০ মে) হাসপাতাল ও বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে। চলতি বছর এ নিয়ে শেবাচিম হাসপাতালে হামে আক্রান্ত ও উপসর্গ নিয়ে মৃত শিশুর সংখ্যা দাঁড়াল ২৬ জনে। আর পুরো বরিশাল বিভাগে এই সংখ্যা বেড়ে হয়েছে ৩৯। মারা যাওয়া দুই শিশু হলো মঠবাড়িয়া উপজেলার মনিরুজ্জামানের চার মাস বয়সি ছেলে আলী আজগর এবং পটুয়াখালী জেলার রাহাত গাজীর তিন মাস বয়সী ছেলে মুয়াজ। তারা দুজনই শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। হাসপাতালের সহকারী পরিচালক আবদুল মুনায়েম সাদ জানান, গত ২৪ ঘণ্টায় নতুন করে

২ এর পাতায় দেখুন

হামের টিকা সংকট

অন্তর্বর্তী সরকারের সঙ্গে অন্তত ১০ বার বৈঠক ও ৫ চিঠি দিয়েছিল ইউনিসেফ

কীর্তনখোলা ডেস্ক

দেশে হামের টিকা সংকট নিয়ে অন্তর্বর্তী সরকারকে একাধিকবার সতর্ক করেছিল জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা ইউনিসেফ। সংস্থাটির বাংলাদেশ প্রতিনিধি রানা ফ্লাওয়ার্স জানিয়েছেন, ২০২৪ সাল থেকে চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত অন্তত পাঁচ থেকে ৬টি চিঠি পাঠানো হয়েছিল এবং অন্তর্বর্তী সরকারের প্রতিনিধি ও কর্মকর্তাদের সঙ্গে অন্তত ১০ বার বৈঠকও করা হয়। বুধবার (২০ মে) এক ব্রিফিংয়ে বাংলাদেশে ইউনিসেফের প্রতিনিধি রানা ফ্লাওয়ার্স এ তথ্য জানান। কোনো মহামারি হঠাৎ করে তৈরি হয়

২ এর পাতায় দেখুন

বিশ্ব মেট্রোলজি দিবস উপলক্ষ্যে সভায় উপস্থিত জেলা প্রশাসক খায়রুল আলম সুমন -**কীর্তনখোলা**

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বহুমাত্রিক চ্যালেঞ্জে অর্থনীতি

দীর্ঘ সময় ধরে চলা উচ্চ মূল্যস্ফীতি না কমে বরং আরো বাড়ছে। মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। একই সঙ্গে কমছে ক্রয়ক্ষমতা বা ভোক্তার চাহিদা। এর প্রভাব পড়ছে শিল্পোৎপাদনে। একই সঙ্গে গ্যাস-বিদ্যুতের সংকটেও কমছে উৎপাদন। ফলে উৎপাদন ব্যয় বেড়ে যাচ্ছে। অনেক কলকারখানাই লাভজনকভাবে চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। ফলে দেশের অর্থনীতি বহুমাত্রিক চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে বলেই মনে করেন ব্যবসায়ী নেতা ও অর্থনীতিবিদরা। গত শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই) ঢাকার সামষ্টিক অর্থনীতির ত্রৈমাসিক মূল্যায়ন' শীর্ষক সেমিনারে বক্তারা বিদ্যমান অর্থনৈতিক সংকট ও তা থেকে উত্তরণের উপায় নিয়ে কথা বলেন। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'দেশের অর্থনীতি বর্তমানে একটি কঠিন সময় পার করছে। উচ্চ মূল্যস্ফীতি সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়িয়ে দিয়েছে। অন্যদিকে শিল্প খাতের উৎপাদন ব্যয়ও বেড়েছে। জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা ও ব্যাংকিং খাতের দুর্বলতা বিনিয়োগে নেতিবাচক প্রভাব ফেলছে।' তিনি বলেন, প্রচলিত সামষ্টিক অর্থনৈতিক সূচক অনেক সময় তাৎক্ষণিক বাস্তব পরিস্থিতি তুলে ধরতে ব্যর্থ হয়। এ কারণেই ডিসিসিআই 'অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই)' চালুর উদ্যোগ নিয়েছে, যাতে নীতিনির্ধারক ও উদ্যোক্তারা বাস্তব পরিস্থিতি মূল্যায়ন করে দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআই মহাসচিব (ভারপ্রাপ্ত) ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী। তিনি জানান, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের তথ্যের ভিত্তিতে এই গবেষণা পরিচালিত হয়েছে। গবেষণায় দেখা যায়, জলবায়ু পরিবর্তনের প্রভাবে কৃষি উৎপাদন কমে যাচ্ছে, যা খাদ্যপণ্যের বাজারে অস্থিরতা তৈরি করছে। একই সঙ্গে জ্বালানিসংকটের কারণে শিল্প খাতে উৎপাদন ব্যাহত হচ্ছে। তিনি বলেন, বর্তমান পরিস্থিতি মোকাবেলায় কৃষিপণ্যের বাজারমূল্য স্থিতিশীল রাখা, সরবরাহব্যবস্থার উন্নয়ন, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ প্রদান এবং শিল্পে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা জরুরি। পাশাপাশি ব্যবসা পরিচালনায় সরকারি অনুমোদনপ্রক্রিয়ার জটিলতা কমানো, মূল্য সংযোজন করের হার যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনা এবং বন্দরগুলোতে পণ্য খালাস প্রক্রিয়া দ্রুত করার ওপরও গুরুত্বারোপ করেন তিনি। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শিবির বিচিত্র বড়ুয়া বলেন, বর্তমানে দেশের প্রধান অর্থনৈতিক চ্যালেঞ্জ হলো উচ্চ মূল্যস্ফীতি, বিনিয়োগে নেতিবাচক প্রবণতা এবং ব্যাংকিং ও আর্থিক খাতের দুর্বলতা। তিনি জানান, ব্যবসা সহজীকরণে সরকার আমদানিনীতি আধুনিকায়নের উদ্যোগ নিয়েছে এবং আগামী কয়েক মাসের মধ্যে নতুন নীতিমালা চূড়ান্ত হতে পারে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক ড. সৈয়দ মুনতাসির মামুন বলেন, শিল্পে দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য ব্যাংক খাতের ওপর অতিরিক্ত নির্ভরতা রয়েছে, যেখানে শক্তিশালী পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারত। কিন্তু পুঁজিবাজার এখনো কাঙ্ক্ষিত সক্ষমতা অর্জন করতে পারেনি। মধ্যপ্রাচ্যে যুদ্ধসহ নানা কারণে বিশ্বব্যাপী এক ধরনের অস্থিরতা রয়েছে। এর পাশাপাশি অভ্যন্তরীণ অনেক প্রতিকূলতাও অর্থনীতির গতিশীলতাকে শ্লথ করে দিচ্ছে। ব্যাংকঋণের উচ্চ সুদহারের কারণে শিল্প-কারখানাগুলো ব্যাংক থেকে ঋণ নিতে পারছে না। মূলধন সংকটে উৎপাদন ব্যাহত হচ্ছে। আমরা মনে করি, দেশি-বিদেশি বিনিয়োগের স্থবিরতা কাটাতে কার্যকর উদ্যোগ নিতে হবে। ব্যাংকঋণের সুদহার কমিয়ে এনে বেসরকারি খাতে ঋণপ্রবাহ বাড়াতে হবে। গ্যাস-বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে হবে।

আওয়ামী লীগ ব্যাক করেনি

মনে করেন অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা মাহফুজ আলম। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আইন বিভাগের অধ্যাপক ও অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল মনে করেন, 'আওয়ামী লীগ ফেরেনি, তারা ছিল।' বুধবার (২০ মে) দুপুর ১২টা ২৫ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া স্ট্যাটাসে এমন দাবি করেন ঢাবির এ শিক্ষক। স্ট্যাটাসে আসিফ নজরুল লেখেন, 'আওয়ামী লীগ ব্যাক করেনি। তারা ছিলই। ব্যাক করেছে তাদের দম্ভ, মিথ্যাচার আর মানুষকে বিভ্রান্ত করার দুঃসাহস।' এর আগে মঙ্গলবার কিছু সময়ের ব্যবধানে 'আওয়ামী লীগের ফেরা' নিয়ে ফেসবুকে দুটি স্ট্যাটাস দেন মাহফুজ আলম। এর প্রথমটিতে তিনি লেখেন, 'লীগ রাজনৈতিক দলের আগে একটা ধর্মতত্ত্ব, সে ধর্মতত্ত্বে ইমান আবার ফেরত এসেছে।' কীভাবে ফিরল, সে 'গল্পই' ওই স্ট্যাটাসে তুলে ধরেন তিনি। সেই স্ট্যাটাসের পর ফেসবুকে আলোচনা শুরু হলে আরেকটি পাল্টা স্ট্যাটাসে মাহফুজ লেখেন, 'যারা আগের পোস্টকে পর্যালোচনা হিসাবে পাঠ করেছেন, তাদের জন্য বলছি। আমাদের এখনকার কাজ হলো সব নিপীড়নের বিরুদ্ধে, নিপীড়িতের পক্ষে থাকা। দল-মত-ধর্ম নির্বিশেষে বাংলাদেশের সব নাগরিকের মানবাধিকারের পক্ষে থাকা।'

স্বাধীন বিচার বিভাগীয়

বিভাগীয় সচিবালয়ের অপমৃত্যু! আর তা ঘটানো হয়েছে কেবল গতকালই।' বুধবার (২০ মে) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক স্ট্যাটাসে তিনি একথা বলেন। জামায়াত আমির লেখেন, 'বার্তা স্পষ্ট, বিচারের ওপর রাজনৈতিক প্রভাব ও কর্তৃত্ব নিরঙ্কুশভাবে প্রতিষ্ঠা করা হয়েছে। অথচ এই সরকার বিচার বিভাগকে পূর্ণ স্বাধীনতা দেওয়া ও শক্তিশালী করার প্রত্যয় ঘোষণা করেছিল।' তিনি আরও লেখেন, ???'বিধিবাম! এই অপসংস্কৃতিকে ঘৃণা করি। এর পরিবর্তন একদিন এই বাংলার মাটিতেই হবে, ইনশাআল্লাহ।' এদিকে, সুপ্রিম কোর্ট সচিবালয় বিলুপ্ত করে কর্মকর্তাদের সরিয়ে নেওয়া আদালত অবমাননা বলে মন্তব্য করেছেন জ্যেষ্ঠ আইনজীবী মোহাম্মদ শিশির মনির। আইনজীবী মোহাম্মদ শিশির মনির বলেন, সর্বোচ্চ আদালতের নির্দেশে সুপ্রিম কোর্ট সচিবালয় গঠন হয়েছে। বিষয়টি এখনও আদালতে বিচারাধীন। এ অবস্থায় সুপ্রিম কোর্ট সচিবালয় বিলুপ্ত করা গুরুতর আদালত অবমাননা। আমরা বৃহস্পতিবার (২১ মে) সংশ্লিষ্টদের বিরুদ্ধে আদালত অবমাননার আবেদন করবো।

দেশের মানুষ কখনো জামায়াতকে

করেছেন বিএনপির মহাসচিব ও এলজিআরডি মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, বাংলাদেশের মানুষ কোনো দিন জামায়াতকে রাষ্ট্রক্ষমতায় আনবে না। বুধবার (২০ মে) দুপুরে ঠাকুরগাঁও পরিত্যক্ত বিমানবন্দর এলাকা পরিদর্শন শেষে আয়োজিত সংবর্ধনা ও স্বাগত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এসময় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী আফরোজা খানম (রিতা), প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, জেলা প্রশাসক মোহাম্মদ রফিকুল হক, পুলিশ সুপার মো. বেলাল হোসেন, জেলা বিএনপির সভাপতি মির্জা ফয়সাল আমিন, সাধারণ সম্পাদক মো. পয়গাম আলী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে মির্জা ফখরুল বলেন, বিএনপি কখনো সংস্কারের বিরুদ্ধে নয়। বরং জুলাই সনদ বাস্তবায়নে বিএনপিই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তিনি অভিযোগ করে বলেন, ধর্মের নামে মিথ্যাচার ও বিভ্রান্তি ছড়িয়ে কিছু রাজনৈতিক গোষ্ঠী ফায়দা নিতে চায়। ধর্মের নামে মিথ্যাচার করে, বিভ্রান্তি সৃষ্টি করে রাজনীতি করা যাবে না। জনগণের ভোট ও মর্যাদা পেতে হলে সত্য কথা বলতে হবে। বাংলাদেশের মানুষ কখনো জামায়াতকে ক্ষমতায় আনবে না। জামায়াতের স্বাধীনতাবিরোধী ভূমিকার প্রসঙ্গ টেনে বিএনপির মহাসচিব বলেন, 'জামায়াতে ইসলাম স্বাধীনতার বিরোধিতা করেছে, মুক্তিযোদ্ধাদের হত্যা করেছে, মা-বোনদের সম্ভ্রম নষ্ট করেছে। তাই এদেশের মানুষ তাদের ক্ষমতায় দেখতে চায় না।' এসময় প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বের প্রশংসা করে মন্ত্রী বলেন, তারেক রহমানের নেতৃত্বে দেশ নতুন রাজনৈতিক দিগন্তের দিকে এগিয়ে যাচ্ছে। নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নে সরকার কাজ করছে। ঠাকুরগাঁও বিমানবন্দর প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, 'আগামী দুই বছরের মধ্যে বিমানবন্দরটি চালু করার পরিকল্পনা রয়েছে। তারেক রহমান নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন ঠাকুরগাঁওয়ে এয়ারপোর্ট হবে।' আমরা সবাই হয়তো যাতায়াত করতে পারবো না, কিন্তু এটা হবে আমাদের গর্ব। আমরা বলতে পারবো, আমাদের একটি বিমানবন্দর আছে।' এর আগে সকালে ঠাকুরগাঁও কেন্দ্রীয় জামে মসজিদের ছাদ ঢালাই অনুষ্ঠানে যোগ দিয়ে আবেগঘন বক্তব্য দেন মির্জা ফখরুল। তিনি বলেন, 'আমি সব সময় আপনাদের বলেছিলাম এটি আমার শেষ নির্বাচন। আমি আবারও বলছি এটি হয়তো আমার শেষ নির্বাচন। নির্বাচনের আগে আমি যে প্রতিশ্রুতিগুলো দিয়েছি, সেগুলো রক্ষা করতে চাই।'

সরকার পদ্মা ও তিস্তা ব্যারাজের

(২০ মে) বিকেল ৩টার দিকে গাজীপুরের টঙ্গী সাতাইশ এলাকায় জাতীয় দুর্যোগ ও প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন অনুষ্ঠান ও সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। তারেক রহমান বলেন, আমাদের নির্বাচনী যে মেনিফেস্টো ছিল, যে মিটিং ছিল সেখানে উল্লেখ করেছি- আমরা খাল খনন কর্মসূচি শুরু করবো। আমরা সরকার গঠন করেছি এবং আমাদের প্রতিশ্রুত সেই খাল খনন শুরু করেছি। কারণ এই খাল খনন কর্মসূচির সাথে মানুষের জীবন ওতপ্রোতভাবে জড়িত, কৃষি জড়িত, ভূমিকম্প পর্যন্ত জড়িত। প্রধানমন্ত্রী বলেন, কক্সবাজারে সমুদ্রের তীর ধরে একটি রাস্তা নির্মাণ হচ্ছে। সেখানে দেখলাম ৩ শতাধিক গাছ কেটে ফেলার পরিকল্পনা নেওয়া হয়েছে। বিষয়টি তাৎক্ষণিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানালাম। যাতে ডিজাইনটা পরিবর্তন করা হয়। গাছ যাতে রক্ষা পায়। তিনি বলেন, আমরা গত ২০ বছরে যে পরিমাণ পানি মাটির তলদেশ থেকে টেনে তুলেছি, এই পরিমাণ পানি যদি খাল খননের মাধ্যমে সারাদেশে ছড়িয়েও দেই, বিশেষ করে বর্ষাকালে আসা পানি যদি এই খালের মধ্যমে সারা দেশে ছড়িয়ে দেই, তবুও ২০ বছর সময় লাগবে ঘাটতি পূরণ করতে। এই ২০ বছরে দেশের জনসংখ্যা আরও বাড়বে। এর ফলের খাদ্য উৎপাদন আমাদের আরও বাড়াতে হবে। আমাদেরকে ভূগর্ভস্থ পানি ব্যবহার করা কমাতে হবে। এটি আমাদের জন্য বিপজ্জনক হয়ে যাবে। এ বিষয়টিও দুর্যোগ ব্যবস্থাপনার সাথে জড়িত। তাই আমাদের খাল খনন করতে হবে। তারেক রহমান বলেন, আপনারা জানেন যে দেশের উত্তর এবং দক্ষিণাঞ্চলে পদ্মা নদীতে একটি ব্যারাজ তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। সীমান্তের ওপারে তারা ব্যারাজ তৈরি করে বিভিন্নভাবে পানি সংগ্রহ করছে। এ কারণে শুষ্ক মৌসুমে আমরা নদীতে পানি কম পাচ্ছি। এ কারণে নদীতে দ্রুত পানি কমে যাচ্ছে, ধীরে ধীরে আশপাশগুলো শুকিয়ে যাচ্ছে। ছোটবেলায় আমরা দেখেছি পদ্মার এপার থেকে ওইপাড় দেখা যায় না। এখন দেখা যায় না। শুধু আগে পানি ছিল, আর এখন পানি নেই। ব্যারাজটি এ কারণেই করতে চাচ্ছি যাতে শুষ্ক মৌসুম অথবা বর্ষা মৌসুমেও আমাদের দেশের মানুষ যাতে পানি সঠিকভাবে ব্যবহার করতে পারে। আরেকটি বিপজ্জনক বিষয় হলো ফারাক্কা বাঁধ নির্মাণের ফলে আমাদের নদীতে পানি কম। যার ফলে সুমদ্র থেকে নোনা জল ধীরে ধীরে দক্ষিণাঞ্চলে উঠে আসছে। এতে সুন্দরবনসহ ওইসব এলাকার ফসলি জমি, পশুপাখি, ও জনাপদ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ কারণে আমরা ব্যারাজ নির্মাণের মাধ্যমে বর্ষা মৌসুমে যে পানিটি ধরে রাখতে সক্ষম হবো, সেই পানি শুষ্ক মৌসুমে ওই অঞ্চলের মানুষের কাজে ব্যবহার করবো। প্রধানমন্ত্রী বলেন, দেশের মানুষের জন্য এই বিএনপি সরকার আগামীতে পদ্মা ও তিস্তা নদীতে ব্যারাজ নির্মাণ প্রকল্পে হাত দেবে। যারা বিভিন্ন বড় বড় কথা বলছেন তাদের পরিষ্কারভাবে বলতে চাই- দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রীর নেতৃত্বে এই বিএনপি সরকার তিস্তা পাড়ে কর্মসূচি পালন করেছে। এটা অন্য কোনো সরকার করে নাই। তাই বলতে চাই এই তিস্তা ব্যারাজও বিএনপি সরকার বাস্তবায়ন করব। যেহেতু আমরা দুর্যোগকে থামাতে পারবো না সেহেতু আমরা কীভাবে দুর্যোগ মোকাবিলা করা যায় সেটি সম্পর্কে সচেতন হই। এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমান দুপুর ২টায় গাজীপুরের টঙ্গী সাতাইশ এলাকায় নবনির্মিত জাতীয় দুর্যোগ ও প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন। পরে তিনি তালগাছ রোপন ও একটি পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন।

পটুয়াখালীতে যৌথ অভিযানে

তিনি আরও জানান, এ ঘটনায় উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে।

নবজাতকের মৃত্যু ঘিরে শেবাচিমে

পরিচর্যা কেন্দ্রে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার সন্ধ্যার পর শিশুটির মৃত্যু হয়। স্বজনদের অভিযোগ, চিকিৎসকদের অবহেলার কারণে নবজাতকের মৃত্যু হয়েছে। শিশুটির মৃত্যুর পর পরিবারের সদস্যরা আবেগাপ্লুত হয়ে চিকিৎসকদের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করলে ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে তাঁদের বাগ্?বিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে মেডিকেল কলেজের কয়েকজন শিক্ষার্থী এসে জয় দেব নামে মৃত শিশুর এক স্বজনকে মারধর করেন। ওই ঘটনার ভিডিও ধারণ করতে গেলে মামুন নামে আরও এক যুবক মারধরের শিকার হন। পরে তাঁদের হাসপাতালের নিচতলার জরুরি বিভাগের একটি কক্ষে আটকে রাখা হয় বলে অভিযোগ করেন প্রত্যক্ষদর্শীরা। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য, নবজাতকের মৃত্যুর পর ক্ষুব্ধ পরিবারের সদস্যদের সঙ্গে কথা-কাটাকাটির জেরে ২০ থেকে ২৫ জন শিক্ষার্থী দুই যুবকের ওপর চড়াও হন। পরে তাঁদের মারধর করে প্রায় সাত ঘণ্টা আটকে রাখা হয়। নবজাতকের বাবা উজ্জ্বল দে বলেন, 'সন্ধ্যার পর শিশুটির শ্বাসকষ্ট বেড়ে গেলে আমরা চিকিৎসকদের কাছে যাই। তখন ইন্টার্ন চিকিৎসকেরা শিশুটিকে মৃত ঘোষণা করেন। আমার এক স্বজন আবেগাপ্লুত হয়ে পড়লে তাকে ও আরেকজনকে মারধর করা হয়।' শিশুটির মা পূজা রানী দাস বলেন, 'আমার সন্তানের মৃত্যুর পর হয়তো আমার মামা কিছু কথা বলেছেন, কিন্তু তিনি কারও গায়ে হাত দেননি। তারপরও তাঁকে মারধর করে নিচে নিয়ে যাওয়া হয়েছে।' তবে মারধরের অভিযোগ অস্বীকার করেছেন ইন্টার্ন চিকিৎসকেরা। ইন্টার্ন শিক্ষার্থী মুনয়াত মুন বলেন, 'নবজাতক ওয়ার্ডের পাশের ক্লাসরুম থেকে বের হওয়ার সময় এক ব্যক্তি আমাদের সহপাঠীদের হাত, ওড়না ও ব্যাগ ধরে টান দেন এবং অশোভন আচরণ করেন। আত্মরক্ষার্থে আমরা একটি কক্ষে আশ্রয় নিই।' আরেক ইন্টার্ন শিক্ষার্থী শান্ত তালুকদার বলেন, 'মৃত শিশুর স্বজনেরা নারী শিক্ষার্থীদের অ্যাপ্রোন ও ব্যাগ টানাটানি করেন এবং দায়িত্বরত নার্সদেরও হেনস্তা করেন।' এ বিষয়ে হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মশিউল মুনীর বলেন, 'উভয় পক্ষের সঙ্গে বসে বিষয়টি সমাধান করা হয়েছে। আমরা চাই শিক্ষার্থীরা নিরাপদে ক্যাম্পাসে চলাফেরা করতে পারুক, একই সঙ্গে রোগীরাও যথাযথ চিকিৎসা পাক।' বরিশাল মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনার অলক কান্তি শর্মা বলেন, 'শিক্ষার্থী ও রোগীর স্বজনদের মধ্যে কথা-কাটাকাটির জেরে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে। এ বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

মঠবাড়িয়ায় ভুল চিকিৎসায়

থেকে বুধবার দুপুর পর্যন্ত বিভিন্ন ব্যক্তির কাছে দৌড়ঝাঁপ করতে দেখা গেছে। জানা যায়, মঠবাড়িয়া উপজেলার আমড়াগাছিয়া ইউনিয়নের গোলবুনিয়া গ্রামের বাসিন্দা ফেরদৌসী বেগম প্রসূতি অবস্থায় ওই টপটেন জেনারেল হাসপাতালে ভর্তি হন। পরবর্তীতে তিনি একটি সন্তান জন্ম দেন। পরিবারের দাবি, জন্মের পর শিশুটি সুস্থ ছিল। তবে দুই দিন পর হাসপাতালের ভুল চিকিৎসা এবং দায়িত্বে অবহেলার কারণে শিশুটির অবস্থার অবনতি ঘটে। পরবর্তীতে শিশুটিকে ডা. আশীষ দেবনাথ লিজনের চেম্বারে নেওয়া হলে তিনি তাকে সরকারি হাসপাতালের জরুরি বিভাগে নেওয়ার পরামর্শ দেন। ফেরদৌসীর মা জানান, গর্ভাবস্থায় তার মেয়েকে মঠবাড়িয়ার টপটেন জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সন্তান জন্মের পর নবজাতকটি সুস্থই ছিল বলে পরিবারের দাবি। তবে জন্মের দুই দিন পর শিশুটির নাক ও মুখ দিয়ে রক্ত বের হতে শুরু করলে হাসপাতাল কর্তৃপক্ষ তাদের একজন শিশু বিশেষজ্ঞ ডাক্তার দেখানোর পরামর্শ দেয়। আমরা ডা. আশীষ দেবনাথ লিজনের কাছে নিলে তিনি জানান, শিশুটির অবস্থা খুবই খারাপ, তাকে জরুরি বিভাগে নিয়ে যান। টপটেন জেনারেল হাসপাতালের মালিক সাকিব সোহেল জানান, তাদের হাসপাতালে ফেরদৌসীর সিজার সম্পন্ন হয় এবং জন্মের পর নবজাতকটি সুস্থ ছিল। তবে হঠাৎ করে শিশুটি অসুস্থ হয়ে পড়লে পরিবারের সদস্যদের একজন শিশু বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নেওয়ার কথা বলা হয়। পরে চিকিৎসকের কাছে নেওয়ার সময় সেখানেই শিশুটির মৃত্যু হয় বলে তিনি দাবি করেন। ডা. আশীষ দেবনাথ লিজন জানান, তিনি তার চেম্বারে রোগী দেখার সময় নবজাতক শিশুটিকে তার কাছে আনা হয়। তবে শিশুটিকে আনার আগেই তার অবস্থা আশঙ্কাজনক ছিল। শিশুটির মুখ ও নাক দিয়ে রক্ত পড়ছিল। পরিস্থিতি গুরুতর দেখে তিনি দ্রুত শিশুটিকে জরুরি বিভাগে নেওয়ার পরামর্শ দেন। মঠবাড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. সৌমিত্র সিংহ রায় জানান, বিষয়টি জানার পরপরই তিনি এবং উপজেলা মেডিকেল অফিসার ডা. চঞ্চল গোলদারের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী তিন কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হবে বলেও তিনি জানান। মঠবাড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শাকিল সরোয়ার জানান, বিষয়টি তাদের নজরে এসেছে এবং এ ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদন হাতে পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও তিনি জানান।

বরিশালে ২৪ ঘন্টায় মাদক

কারেন্ট জাল উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতদের মধ্যে গ্রেফতারি পরোয়ানাভুক্ত ৪ জন, নিয়মিত মামলার ৭ জন এবং বরিশাল মহানগর অধ্যাদেশে ১ জনসহ মোট ১৮ জন অভিযুক্ত রয়েছে। আটক ব্যক্তিদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে পুলিশ। এদিকে, মানবপাচার ও অসামাজিক কার্যকলাপ সংঘটন চক্রের বিরুদ্ধে পৃথক অভিযান চালিয়ে ৬ সদস্যকে আটক করেছে বরিশাল মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। পুলিশ জানায়, কোতোয়ালী মডেল থানাধীন পোর্ট রোড এলাকার আবাসিক হোটেল 'পপুলার'-এ অভিযান চালিয়ে চক্রের সদস্য মো. জাফর হোসেন (৩৫), মো. আল আমিন বেপারী (৩০), মো. শাওন সিকদার (২১), মোসা. সুমাইয়া ইসলাম (২২), মিঠুন দেবনাথ (২৮) ও মোসা. রুনা আক্তারকে (২২) আটক করা হয়। অভিযান চলাকালে হোটেলটি থেকে অসামাজিক কার্যকলাপের বিভিন্ন আলামত উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে ডিবি পুলিশ। আটককৃতদের বিরুদ্ধে মানবপাচার ও অনৈতিক কার্যকলাপ প্রতিরোধ আইনে ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে। অন্যদিকে নগরীর বিভিন্ন এলাকায় মাদকবিরোধী অভিযান চালিয়ে ১৩ পিস ইয়াবাসহ সুজন হাওলাদার ও করিম হাওলাদার নামে দুই মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে। বিএমপি'র পক্ষ থেকে জানানো হয়েছে, নগরীতে অপরাধ দমন, মাদক নিয়ন্ত্রণ ও জননিরাপত্তা নিশ্চিত করতে নিয়মিতভাবে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

আসামির স্বজনদের হামলায়

মামলা প্রক্রিয়াধীন রয়েছে। আহত ডিবি সদস্যরা হলেন, কনস্টেবল প্রিন্স, মাহমুদ, অমিত, আব্দুল্লাহ, সবুজ এবং এএসআই অনিক। তারা সবাই বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। বরগুনা সদর থানা পুলিশ জানায়, গত বছরের ১৭ অক্টোবর রাতে সদর উপজেলার কেওড়াবুনিয়া ইউনিয়নের জাকিরতবক গ্রামে জমিজমা নিয়ে বিরোধের জের ধরে পুলিশ সদস্য লিটন ফরাজীর বাড়িতে দেশীয় অস্ত্র ও পিস্তল নিয়ে হামলা চালায় প্রতিপক্ষরা। এতে ওই পুলিশ সদস্যসহ গুলিবিদ্ধ হন তার বাবা আব্দুর রশিদ ফরাজী ও ভাই রাব্বি ফরাজী। ঘটনার চার দিন পর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যান রশিদ ফরাজী। এ ঘটনায় হত্যা মামলা করা হয়। ওই মামলার এজাহারভুক্ত আসামি জহিরুলকে গ্রেপ্তার করতে মঙ্গলবার রাতে বরগুনা সদরের জাকিরতবক এলাকায় অভিযান চালায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। অভিযানের সময় জহিরুলের স্বজন ও সহযোগীরা দেশীয় অস্ত্র নিয়ে ডিবি সদস্যদের ওপর হামলা চালায়। এতে ডিবির ছয় সদস্য আহত হয়। সদর থানা ও পুলিশ লাইন থেকে অতিরিক্ত পুলিশ সদস্য ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। হত্যা মামলার আসামি জহিরুলকে গ্রেপ্তার করা হয়। পাশাপাশি আরো চারজনকে আটক করেছে পুলিশ।

নগরীতে অনলাইন সেবায়

সময়ের মধ্যে সেবা দেওয়া এবং গ্রাহকের ভোগান্তি লাঘব হবে। প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরিন বলেন, 'অনলাইন সেবা কার্যক্রম শুধুমাত্র গ্রাহকের বিলের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। একজন গ্রাহক প্রতি মাসের বিল পরিশোধ করবেন। একইসঙ্গে পানি পাওয়া নিয়ে কোনও সমস্যা থাকলে সে বিষয়টি অনলাইনের মাধ্যমে আমাদের জানাতে পারবেন। যেসব এলাকায় পানির সমস্যা রয়েছে, তারা অনলাইনের মাধ্যমে জানানোর পর দ্রুত সময়ের মধ্যে সমস্যা সমাধান করে দেওয়া হবে।' তিনি বলেন, 'সিটি করপোরেশনের মূল লক্ষ্যই হচ্ছে নগরবাসীর সেবা প্রদান করা। আমি ওই জায়গাটা নিশ্চিত করতে চাই। এজন্য নগরবাসী সহায়তা চাই। দ্রুত সময়ের মধ্যে সিটি করপোরেশনের প্রত্যেকটি বিভাগকে অনলাইন সেবার আওতায় আনা হবে। এরই মধ্যে ট্রেড লাইসেন্স, প্ল্যানিং, জন্ম, মৃত্যু নিবন্ধন, নাগরীর সনদপত্র, হাটবাজার ইজারাসহ সবকিছু অনলাইন সেবার আওতায় আনা হবে।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো রেজাউল বারী, প্রধান রাজস্ব কর্মকর্তা মো রায়হান উজ জামান, সচিব রুম্পা সিকদার, পানি সরবরাহ শাখার প্রধান প্রকৌশলী ওমর ফারুক। ৫৮ বর্গ কিলোমিটার বরিশাল নগরীতে পাঁচ লাখ মানুষের জন্য সুপেয় পানির চাহিদা রয়েছে সাড়ে সাত কোটি ২০ লাখ লিটার। সিটি করপোরেশন সরবরাহ করতে পারছে সাড়ে তিন কোটি লিটার। বাকিটা ঘাটতি থাকছে।

হাম ও হামের উপসর্গে

সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ৪০১ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৮ হাজার ৬৭ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫৭ হাজার ৮৫৬ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪৫ হাজার ১২৮ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ৪১ হাজার ১২০ জন।

অর্থনৈতিক সংকটের ধাক্কা

আলোচ্য সময়ে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৪ লাখ ৩১ হাজার ৪২১ কোটি ২৭ লাখ টাকা। আয়কর, মূসক ও শুল্ক মিলিয়ে আদায় হয়েছে ৩ লাখ ২৬ হাজার ৯২৮ কোটি ১৬ লাখ টাকা। সব মিলিয়ে চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ১০ মাসে লক্ষ্যমাত্রার তুলনায় এক লাখ ৪ হাজার কোটি টাকার বেশি ঘাটতি রয়েছে এনবিআরের রাজস্ব আদায়ে। তবে রাজস্ব ঘাটতি হলেও রাজস্ব আদায়ে প্রবৃদ্ধি ১০ দশমিক ৬০ শতাংশ। গত অর্থবছরের একই সময়ে রাজস্ব আদায় হয়েছিল ২ লাখ ৯৫ হাজার ২০০ কোটি টাকার। চলতি অর্থবছরের ১০ মাসে শুল্ক, মূসক ও আয়কর খাত রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তবে আলোচ্য খাতগুলোতে যথাক্রমে ১ দশমিক ৮৭ শতাংশ, ১১ দশমিক ১ ও ১১ দশমিক ৫৯ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। সর্বশেষ মাস এপ্রিলেও রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন হয়নি। আলোচ্য মাসে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৪৫ হাজার ৬০৮ কোটি ৭৭ লাখ টাকা, আদায় হয়েছে ৩৯ হাজার ৬০ কোটি টাকা। গত অর্থবছরের একই সময়ে ৩৬ হাজার ৬০৪ কোটি ৬০ লাখ টাকার রাজস্ব আদায় হয়েছিল। সে হিসাবে এপ্রিলে প্রবৃদ্ধি ৬ দশমিক ৭১ শতাংশ। এ মাসেও শুল্ক, মূসক ও আয়কর খাত রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তবে শুল্কে ১৭ দশমিক ৯৫ শতাংশ, আয়করে ১৪ দশমিক ৬৬ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। তবে মূসক বা ভ্যাটে নেতিবাচক প্রবৃদ্ধি হয়েছে ৩ দশমিক ১৭ শতাংশ।

আবুল হাসানাতসহ চার

২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি রাতে গৌরনদীগোপালগঞ্জ হাইওয়ের আগৈলঝাড়া বাইপাস সড়কের বড় ব্রিজের পশ্চিম পাশে টিপু হাওলাদার ও কবির মোল্লাকে গুলি করে হত্যা করে।

অন্তর্বর্তী সরকারের সঙ্গে অন্তত ১০ বার

না উল্লেখ করে রানা ফ্লাওয়ার্স বলেন, কিছু বিশেষ ঘটনার পরিপ্রেক্ষিতে এ রকম পরিস্থিতি দেখা দেয়। বিশেষ করে, টিকার মাধ্যমে প্রতিরোধযোগ্য রোগের ক্ষেত্রে। টিকা সংকটের বিষয়ে আগাম সতর্ক করেছেন বলেও দাবি করেন বাংলাদেশের ইউনিসেফ প্রধান। তিনি বলেন, একেবারে সুনির্দিষ্ট দিন-তারিখের তথ্য এখন জানা নেই। তবে তদন্তে বিষয়টি নিশ্চিত হবে। '২০২৪ থেকে ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ৫-৬টি চিঠি পাঠিয়েছি, যার মধ্যে শেষ চিঠিটি নতুন সরকার দায়িত্ব নেওয়ার ঠিক আগে পৌঁছেছিল। আমরা আশা করেছিলাম যিনি নতুন করে এ দায়িত্ব পাবেন তার ডেস্কে চিঠিটি থাকবে,' যোগ করেন ফ্লাওয়ার্স। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর টিকা ক্রয় প্রক্রিয়ায় বিলম্বের অন্যতম কারণ ছিল উন্মুক্ত দরপত্রের মাধ্যমে টিকা কেনার বিষয়ে মন্ত্রিসভার একটি সিদ্ধান্ত। গত বছর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল বলে জানান তিনি। রানা ফ্লাওয়ার্স জানান, টিকা কেনা সাধারণ ওষুধ কেনার মতো নয়। এটি অত্যন্ত বিশেষায়িত একটি প্রক্রিয়া। এখানে শুধু কম দামের বিষয়টি বিবেচ্য নয়, বরং বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুমোদিত নিরাপদ ও কার্যকর টিকা নিশ্চিত করাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। এছাড়া উন্মুক্ত টেন্ডার পদ্ধতিতে টিকা সংগ্রহ করতে এক বছরের মতো সময় লেগে যায়। ইউনিসেফের মাধ্যমে দ্রুত টিকা সংগ্রহ করা যায় বলেও উল্লেখ করেন তিনি। ইউনিসেফ ২০২৪ সালেই টিকার সংকটের পূর্বাভাস ও পরবর্তী দুই বছরে বিভিন্ন রোগের ক্ষেত্রে প্রভাব ফেলতে পারে বলে সতর্ক করেছিল বলে জানান তিনি। রানা ফ্লাওয়ার্স বলেন, তাই আমরা আগেভাগেই সতর্ক করছিলাম এবং ক্রমাগত মনে করিয়ে দিচ্ছিলাম যে তারা সংকটের মুখে পড়তে যাচ্ছে। এটা স্পষ্ট ছিল, দেশে টিকা আনতে না পারলে সমস্যা তৈরি হবে। তবে এখন কাউকে দোষারোপ করার কিছু নেই বলে মনে করেন তিনি। বাংলাদেশের ইউনিসেফ প্রধান বলেন, এখন এমনভাবে টিকাদান প্রক্রিয়া কাজ করাতে হবে, যাতে ভবিষ্যতে এই দেশের কোনো শিশু প্রতিরোধযোগ্য রোগে আর মারা না যায়। এছাড়া দেশে এখন ১ কোটি ৮০ লাখের বেশি শিশু হামের টিকা পেয়েছে বলেও জানান ইউনিসেফের এ প্রতিনিধি।

বরিশালে হামে আক্রান্ত

৫৫ জন শিশু হাসপাতালে ভর্তি হয়েছে। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে ২০৪ জন শিশু। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর এখন পর্যন্ত বিভাগের ছয় জেলায় হামের উপসর্গ নিয়ে ৬ হাজার ৮৩ জন শিশু বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে পরীক্ষায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৮৯ জনের।

গৌরনদীতে জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সচেতনতা সভা

গৌরনদী প্রতিনিধি

জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, কার্যকর প্রতিকার ব্যবস্থা গড়ে তোলা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নে ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে ব্র্যাক সোশ্যাল কমপ্লায়েন্স কর্মসূচির আওতায় শিখা"প্রকল্পের উপজেলা পর্যায়ের বুধবার সকাল ১০টায় গৌরনদী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় উপজেলা অরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ ইব্রাহীম। বিশেষ অতিথি ছিলেন উপজেলা বিএনপির আহবায়ক সৈয়দ সরোয়ার আলম, গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মাহাবুবুর রহমান। সভায় শিক্ষা প্রতিষ্ঠানে শিশু সুরক্ষা,যৌন হয়রানি,বাল্য বিবাহ বুলিং ও র্যাগিং প্রতিরোধ জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধে কর্মপরিকল্পনা করা বিষয়ে বিস্তারিত আলোচনা ও তথ্য উপস্থাপন করা হয়। অরিয়েন্টেশন সভায় এছাড়া, গৌরনদী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহিলা বিষয়ক কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা, পুলিশ প্রশাসনের প্রতিনিধি এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশগ্রহণ করেন। বক্তারা ব্র্যাক শিখা প্রকল্পের সহায়তায় কী ভাবে শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ, বাল্য বিবাহ, বুলিং রোধে এবং রিপোটিং এন্ড রেসপন্ডিং ব্যবস্থা সম্পর্কে সচেতন হয়ে কাজ করবে এবং বিদ্যালয়কে সহিংসতামুক্ত, নিরাপদ কর্মস্থল তৈরিতে কাজ করবেন তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। শিখা প্রকল্পের প্রতিনিধিগণ শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশে ছাত্র-ছাত্রীদের চলার পথে ঝুঁকি ম্যাপ তৈরি ও যৌন হয়রানি প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদার করার অভিপ্রায় নিয়ে সভায় উপস্থিত অন্যান্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়ে থাকেন। এ ছাড়াও উক্ত সভায় ব্র্যাক বরিশাল জেলার টেকনিক্যাল ম্যানেজার মোঃ তৌহিদুর রহমান, শিখা প্রকল্পের প্রোজেক্ট অফিসার অনিক বিশ্বাস, কমিউনিটি ভলান্টিয়ার সহ ব্র্যাক ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ। শিখা প্রকল্পটি মূলত বরিশাল জেলার স্থানীয় সরকার, জন প্রতিনিধি, সুশীল সমাজের মুখপাত্র ও স্থানীয় সংগঠনকে সম্পৃক্ত করে মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা, গণপরিবহন, তৈরী পোশাক কারখানা, ডিজিটাল প্লাটফর্ম, স্থানীয় কমিউনিটিতে যৌন হয়রানি ও জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধে গণসচেতনতা তৈরি, প্রতিরোধ ও সহায়তা ব্যবস্থা, আইনী সহায়তা ও প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরিতে কাজ করবে। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও শিক্ষক প্রতিনিধি বৃন্দ। সভা শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা অংশগ্রহণকারীদের যৌন হয়রানি ও জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সমন্বিত উদ্যোগ জোরদার করার উপর সকল সেক্টর ও উপস্থিত অংশগ্রহন কারীদের গুরুত্ব দিয়ে কাজ করতে বলেন।

গৌরনদীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উদ্যাপন উপলক্ষে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গৌরনদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের আয়োজনে বুধবার (২০ মে) সকালে র্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে। র্যালী শেষে স্টেশন অফিসার মিজানুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মোঃ ইব্রাহীম। বিশেষ অতিথি ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি মোঃ মেহেদী হাসান, উপজেলা বিএনপির আহবায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, সদস্য সচিব শরীফ জহির সাজ্জাদ হান্নান, গৌরনদী মডেল থানার ওসি মোঃ তারিক হাসান রাসেল, প্রেসক্লাবের সভাপতি জহিরুল ইসলাম জহির, পৌর বিএনপি'র ভারপ্রাপ্ত সদস্য সচিব শফিকুর রহমান শরীফ স্বপন, জেলা যুবদলের সাবেক সভাপতি মোল্লা মাহফুজ সহ অন্যান্যরা।

কলাপাড়ায় শিক্ষার্থীদের

প্রায় ঘন্টাব্যাপী কর্মসূচিতে স্কুল, কলেজের শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশগ্রহণ করেন। এসময় বক্তব্য রাখেন নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ নেটওয়ার্কের সভাপতি অ্যাডভোকেট আবদুল্লাহ আল মামুন, পরিবেশকর্মী মেজবাহ উদ্দিন মাননু ও বেসরকারী সংস্থা আভাসের প্রকল্প ম্যানেজার মনিরুল ইসলামসহ বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা। বক্তারা বলেন, কলাপাড়াসহ সারাদেশে একের পর এক নারী নির্যাতন, হত্যা ও ধর্ষনসহ সহিংসতার ঘটনা ঘটেছে। এসব এঘটনায় জড়িতরা ধরা ছোয়ার বাইরে থেকে যাচ্ছে। সহিংসতা প্রতিরোধে প্রশাসনকে আরো তৎপর হওয়ার দাবি জানান। পরে তারা ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে স্মারকলিপি প্রদান করেন।

যুবদল নেতার বিরুদ্ধে দুই জামায়াত

বেশ কিছু দেশীয় পাইপ জব্দ করা হয়। চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন জলিল বলেন, ‘আমি ও মাহবুব ভাই এশার নামাজ পড়ে আবুগঞ্জ বাজারের একটি দোকানে চা পান করে বের হতেই শাহীন দালাল আমাকে কথা আছে বলে তার দোকানের পেছনে ডেকে নিয়ে যায়। এ সময় আমি কিছু বুঝে ওঠার আগেই তার গ্রুপের তারেক, মোতাহার, নুরু, জসিম, শাহাবুদ্দিন, ফয়সাল আমাকে লাঠি দিয়ে পিটাতে থাকে। আমাকে বাঁচাতে আমার সঙ্গে থাকা মাওলানা মাহবুবুর রহমান এগিয়ে এলে তাকেও পিটিয়ে কপাল ও হাতে রক্তাক্ত জখম করে । শাহিন ও তার বাহিনীর বেধড়ক প্রহারে আমি ঘটনাস্থলে অজ্ঞান হারায়, পরে তারা আমাকে টেনে তাদের ক্লাবে নিয়ে এলে আমার জ্ঞান ফিরে। পরে আবারও হাত-পা বেঁধে মোটা পাইপ দিয়ে আমার শরীরের বিভিন্ন স্থানে পেটাতে থাকে । এ সময় আমার পকেট থেকে ৭ হাজার টাকা ও মোবাইল নিয়ে যায়। দ্বিতীয় দফা তাদের প্রহারে আমি আবারও জ্ঞান হারায়। স্থানীয়রা জানান, ২৪-এর ৫ আগস্টের পর থেকে শাহিন বাহিনী কর্তৃক মানুষের জমি দখল, লুটপাট, চাঁদাবাজি ও এলাকায় প্রতিনিয়ত ত্রাস সৃষ্টিসহ শত শত ঘটনা ঘটে। তার বাহিনীর এমন আচরণে কেউ তার অন্যায়ের বিরুদ্ধে মুখ খুলতে সাহস করে না। নির্বাচনের আগে শাহিন বাহিনীর বিরুদ্ধে অভিযোগ পেয়ে আইনশৃঙ্খলা বাহিনী তৎপর হলে তিনি গা-ঢাকা দেন। নির্বাচনের পর নতুন সরকার ক্ষমতায় এলে, তিনি সক্রিয় হয়ে এলাকায় নিজেকে যুবদলের নেতা পরিচয় দিয়ে আবারও তার বাহিনী দিয়ে অপকর্ম শুরু করেন । এ ব্যাপারে অভিযুক্ত শাহিন দালাল বলেন, ঘটনার সময় আমি এলাকায় ছিলাম না। শুনেছি, প্রধানমন্ত্রীকে নিয়ে জামায়াতের ওই নেতা বাজে মন্তব্য করেছে, জনগণ ক্ষুব্ধ হয়ে তাদের আটক করে গণধোলাই দিয়েছে। আমি এলাকার সালিশ বিচার করি, অপকর্ম করি না। তার নেতৃত্বে গঠিত শাহীন বাহিনীর বিষয় জানতে চাইলে তিনি বলেন, ‘সামনে ইউনিয়ন নির্বাচন করব। তাই কর্মীদের নিয়ে চলতে হয়। চরফ্যাশন উপজেলা জামায়াতের আমির অধ্যক্ষ মীর মোহাম্মদ শরীফ হোসাইন আমার দেশকে বলেন, ‘বিএনপির ক্যাডারদের হাতে নির্মম নির্যাতনের শিকার জামায়াতের দুই নেতার চিকিৎসা চলছে। আমরা দায়ীদের বিরুদ্ধে মামলা করার প্রস্তুতি নিচ্ছি। চরফ্যাশন থানার অফিসার ইনচার্জ (তদন্ত) খলিলুর রহমান বলেন, ঘটনা শুনে পুলিশের ইমারজেন্সি টিম গিয়ে মারধরের শিকার দুই জামায়াত কর্মীকে উদ্ধার করে। অভিযোগ পেলে তদন্তসাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে ।

আগৈলঝাড়ায় ঈদ উল আযহা উপলক্ষে

চেয়ারম্যান শফিকুল হোসেন টিটু, যুগ্ম আহবায়ক ও গৈলা ইউনিয়ন বিএনপি সভাপতি এনায়েত হোসেন খান মনু, যুগ্ন আহবায়ক আবুল হোসেন মোল্লা, গৈলা ইউনিয়ন বিএনপি সদস্য সচিব বদিউজ্জামান সরল মোল্লা, বিআরডিবি চেয়ারম্যান আখতারুজ্জামান, হেমায়েত হোসেন তালুকদার, পরিষদের সচিব সাধন হালদার, হাফিজুর রহমান সোহাগ, শুভ তালুকদার, মিঠু সরদার, প্রেসক্লাব সভাপতি শামিমুল ইসলাম শামীম, সহ-সভাপতি সাইফুল মৃধা, প্রেসক্লাব সাধারণ সম্পাদক এফএম নাজমুল রিপন নির্বাহী, সদস্য সাইফুল ইসলাম রব বিকাশ রায় সহ স্থানীয় রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিবর্গ। এছাড়াও সংশ্লিষ্ট পাঁচ ইউনিয়নের চেয়ারম্যান, ইউপি সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার লিখন বনিক বলেন, সরকারের পক্ষ থেকে ঈদুল আযহা উপলক্ষে অসহায় ও দুস্থ মানুষের মুখে হাসি ফোটাতে এই খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। কোনো পরিবার যেন ঈদের আনন্দ থেকে বঞ্চিত না হয়, সেজন্য স্বচ্ছতা ও সুষ্ঠুভাবে চাল বিতরণের নির্দেশনা দেওয়া হয়েছে।”স্থানীয় জনপ্রতিনিধিরা জানান, সরকারের এই উদ্যোগে নিম্নআয়ের মানুষের মাঝে স্বস্তি ফিরে এসেছে। উপকারভোগীরাও ভিজিএফ চাল পেয়ে সন্তোষ প্রকাশ করেন। উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে পর্যায়ক্রমে উপজেলার বিভিন্ন ইউনিয়নে ভিজিএফ চাল বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে।

কাউখালীতে মাঝে ভিজিএফের

৮ কেজি ৩০০ গ্রাম, আবার কেউ পেয়েছেন ৯ কেজি ২০০ গ্রাম পর্যন্ত। উপজেলা নির্বাহী কর্মকর্তা বারবার সঠিক পরিমাণ চাল বিতরণের নির্দেশ দিলেও তা কার্যকর হয়নি বলে অভিযোগ রয়েছে। কাউখালী সদর ইউনিয়ন ও আমরাজুরি ইউনিয়নে সরেজমিনে গিয়ে ১০ জন সুবিধাভোগীর চাল মেপে দেখা যায়, তারা ৮ কেজি ৩০০ গ্রাম থেকে ৮ কেজি ৭০০ গ্রাম পর্যন্ত চাল পেয়েছেন। এছাড়া শিয়ালকাঠি ও চিরাপড়া ইউনিয়নে সাড়ে ৯ কেজি করে চাল দেওয়া হয়েছে বলে জানা গেছে। এদিকে, চাল বিতরণের সময় সরকারি তদারকির জন্য ট্যাগ অফিসার উপস্থিত থাকার কথা থাকলেও নির্ধারিত সময়ে তাদের অনেককে পাওয়া যায়নি। বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে একাধিকবার জানানো হলেও সংশ্লিষ্টরা তা আমলে নেননি বলে অভিযোগ করেন সুবিধাভোগীরা। অনিয়মের বিষয়টি জানতে পেরে পিরোজপুর জেলা প্রশাসক আবু সাঈদ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেন। পরে উদ্বৃত্ত চাল উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান ও উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক লিয়াকাত হোসেন তালুকদার উপস্থিত দুস্থ পরিবারের মাঝে অতিরিক্ত ৫ কেজি করে বিতরণ করেন। বৃহস্পতিবার (২০ মে) সকাল ৯টা থেকে উপজেলার পাঁচটি ইউনিয়নে একযোগে এই চাল বিতরণ হয়। এর আগে সকালে কাউখালী সদর ইউনিয়নে আনুষ্ঠানিকভাবে কর্মসূচির উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান। তবে উপজেলার পাঁচটি ইউনিয়নের আওয়ামী লীগ সমর্থিত চেয়ারম্যানদেরকে চাল বিতরণের সময় উপস্থিত দেখা যায়নি। শুধু ইউনিয়নের ইউপি সদস্যরা উপস্থিত থেকে তাদের ভাগে বরাদ্দ পাওয়া চাল বন্টন করেন । উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মফিজুর রহমান জানান, ২০২৫-২০২৬ অর্থবছরের মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ত্রাণ মন্ত্রণালয় থেকে ঈদুল আযহা উপলক্ষে কাউখালী উপজেলার পাঁচটি ইউনিয়নের জন্য মোট ১০২ দশমিক ২২০ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে কাউখালী সদর ইউনিয়নে ৩ হাজার ৭৫৫, সয়না রঘুনাথপুরে ১ হাজার ৫৯৪, আমরাজুরিতে ১ হাজার ২৪২, চিড়াপাড়া-পারসাতুরিয়ায় ১ হাজার ৯৫৮ এবং শিয়ালকাঠিতে ১ হাজার ৬৭১টি পরিবারের মাঝে উপজেলা প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগের অধীন ইউনিয়ন পরিষদের মাধ্যমে বিভিন্ন ইউনিয়নে বিতরণ করা হয়। বিতরণের একদিন আগে উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরিত ১০ কেজি চালের কার্ড সুবিধাভোগীদের হাতে পৌঁছে দেন ইউপি সদস্যরা। শিয়ালকাঠি ইউনিয়ন পরিষদে গিয়ে দেখা যায়, সকাল থেকেই সুবিধাভোগীরা লাইনে দাঁড়িয়ে সুশৃঙ্খলভাবে চাল গ্রহণ করছেন। ফলোইবুনিয়া গ্রামের আলতাব হোসেন বলেন, “আমি অসুস্থ, কাজ করতে পারি না। এই চাল পাওয়ায় আমাদের ঘরে ঈদের আনন্দ এসেছে।” তিনি আরো বলেন “আমার মতো অনেক গরিব মানুষ আছেন, যারা কারও কাছে হাত পাততে পারেন না। কিন্তু পর্যাপ্ত বরাদ্দ না থাকায় অনেকের হাতে কার্ড পৌঁছেনি। আরও বেশি বরাদ্দ প্রয়োজন।” বলে সরকারের কাছে দাবি জানান।

শতবর্ষের করালগ্রাসী বিষখালী: বাঁধ ভাঙে

বেড়িবাঁধ নির্মাণে কার্যকর কোনো উদ্যোগ নেয়নি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। স্থানীয় প্রবীণদের ভাষ্য অনুযায়ী, পাকিস্তান আমলে প্রথম এ এলাকায় যে বেড়িবাঁধ নির্মাণ করা হয়েছিল, তা প্রায় ৪০ বছর আগেই নদীগর্ভে বিলীন হয়ে গেছে। স্বাধীনতার পর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পাউবো) নামমাত্র মূল্যে ওয়াপদা জমি অধিগ্রহণ করে নতুন আরেকটি বাঁধ নির্মাণ করে। কিন্তু সেই বাঁধও টিকানো যায়নি। ফলে শত শত পরিবার ভিটেমাটি হারিয়ে বাঁধের ওপর খড়ের দোচালা ঘর তুলে দীর্ঘ বছর ধরে মানবেতর জীবনযাপন করছেন। ক্ষতিগ্রস্ত এলাকাবাসী জানান, বহুবার স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন ও রাজনৈতিক নেতাদের কাছে নদীভাঙন রোধে স্থায়ী ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হলেও বাস্তবে কোনো টেকসই পদক্ষেপ নেওয়া হয়নি। তৎকালীন সংসদ সদস্য উপমন্ত্রীর দায়িত্ব পাওয়ার পর ভাঙন রোধের যে আশ্বাস দিয়েছিলেন, এর পর কেটে গেছে দুই যুগ। অথচ বিষখালী এখনও তীব্র গতিতে ধেয়ে আসছে গ্রামের দিকে। ২০০৭ সালের প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড় সিডরের বিভীষিকাময় স্মৃতি এখনও তাড়া করে ফেরে এই উপকূলবাসীকে। সিডরের রাতে নলটোনা ইউনিয়নের কয়েকটি স্থানে বেড়িবাঁধ ভেঙে জলোচ্ছ্বাসের নোনা পানি ঢুকে পড়েছিল লোকালয়ে। ভেসে যায় অসংখ্য ঘরবাড়ি, প্রাণ হারান বহু মানুষ। শুকনো জমি না থাকায় সে সময় পানির মধ্যেই গণকবর খুঁড়ে এক একটি কবরে ৩-৪ জন করে দাফন করা হয়েছিল স্বজনদের। সিডরের পর থেকে প্রতি বছর বরগুনা জেলা প্রশাসনের উদ্যোগে সেই গণকবরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হলেও মূল সমস্যা অর্থাৎ নদীশাসনের বিষয়টি এখনও অবহেলিত রয়ে গেছে। পরবর্তীতে ঘূর্ণিঝড় ফণী ও রেমালের আঘাতের সময়ও স্থানীয়দের উদ্যোগে মানববন্ধন, সংবাদ সম্মেলন ও স্মারকলিপি প্রদান করা হয়। তীব্র আন্দোলনের মুখে পাউবোর তৎকালীন নির্বাহী প্রকৌশলী ঘটনাস্থল পরিদর্শন করে জরুরি ভিত্তিতে প্রায় ৬০০ মিটার নতুন অস্থায়ী বাঁধ নির্মাণ এবং পুরনো বাঁধ মেরামতের আশ্বাস দেন। জীবন বাঁচানোর তাগিদে এলাকাবাসী নিজেদের ফসলি জমি, বসতভিটা এমনকি পূর্বপুরুষদের কবরস্থানের ওপর দিয়েও বাঁধ নির্মাণে অনাপত্তি দিয়েছিলেন। কিন্তু ঘূর্ণিঝড় রেমালের তীব্র জলোচ্ছ্বাসে মাত্র এক ঘণ্টার ব্যবধানে সেই নতুন নির্মিত পুরো বাঁধটি আবারও নদীগর্ভে বিলীন হয়ে যায়। এলাকাবাসীর অভিযোগ, বিষখালী নদীর অপর পাড় ‘কালমেঘা’ এলাকায় ব্লক প্রোটেকশনের মাধ্যমে স্থায়ী ভাঙন রোধ করা হলেও নলটোনা ইউনিয়নে কোনো স্থায়ী নদীশাসন প্রকল্প কেন নেওয়া হচ্ছে না, তা বোধ্যগম্য নয়। স্থানীয় ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্য সেলিম শাহনেওয়াজ বলেন, বিষখালী নদীর ভাঙনে আমরা বারবার নিঃস্ব হয়ে গেছি। একের পর এক ঘরবাড়ি, ফসলি জমি নদীগর্ভে চলে গেছে। এখন আর কোথাও যাওয়ার জায়গা নেই। প্রতিটি বর্ষা এলেই আতঙ্কে দিন কাটাই- এই বুঝি শেষ সম্বলটুকুও নদী কেড়ে নিল। আমরা দ্রুত স্থায়ী সমাধান চাই। বর্তমানে হাজার হাজার একর ফসলি জমি নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ায় চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটছে উপকূলবাসীর। ভাঙনকবলিত এলাকাবাসী আশঙ্কা করছেন, চলতি বর্ষা মৌসুমে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ না করা হলে আরও ভয়াবহ বিপর্যয়ের মুখোমুখি হতে হবে তাদের। এ বিষয়ে ভুক্তভোগী এলাকাবাসী স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব .মাহমুদুল হোসাইন অলিউল্লাহ এবং বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী হান্নান প্রধানের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন। তাঁদের দাবি, দ্রুত স্থায়ী নদীশাসন ও টেকসই বেড়িবাঁধ নির্মাণের উদ্যোগ না নিলে আগামী বর্ষাতেই পুরো এলাকা মানচিত্র থেকে হারিয়ে যাবে।

সীমান্তে বেড়া নির্মাণে তোড়জোড়

করেছে কর্তৃপক্ষ। বিএসএফকে জমি হস্তান্তর নিয়ে মঙ্গলবার (১৯ মে) উত্তর ২৪ পরগনার ঘোজাডাঙ্গা স্থলবন্দর সংলগ্ন এলাকায় বৈঠকে বসেন রাজ্য প্রশাসনের কর্মকর্তারা। সেখানে উপস্থিত ছিলেন উত্তর ২৪ পরগনার জেলা প্রশাসক শিল্পা গৌরীসারিয়া, বসিরহাটের মহকুমা ম্যাজিস্ট্রেট জসলিন কৌর, পুলিশ সুপার (এসপি) অলকানন্দ ভাওয়াল ছাড়াও স্বরূপনগর, বাদুড়িয়া, বসিরহাট, হাসনাবাদ, হিঙ্গলগঞ্জের প্রশাসনিক কর্মকর্তারা। বৈঠকে অংশ নেন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) উচ্চপদস্থ কর্মকর্তারাও। এসময় আলোচনায় উঠে আসে, সীমান্ত এলাকায় কীভাবে জমি অধিগ্রহণ করা হবে, জমির মালিকদের কাছ থেকে কীভাবে জমি সংগ্রহ করা হবে এবং যাদের কাছ থেকে জমি অধিগ্রহণ করা হবে তাদের কীভাবে পুনর্বাসন দেওয়া হবে- সেসব বিষয়। এছাড়াও সীমান্ত অঞ্চলের সুরক্ষা নিয়েও আলোচনা হয়। এ বিষয়ে জেলা প্রশাসক শিল্পা গৌরীসারিয়া বলেন, ‘আমাদের জয়েন্ট মিটিং ছিল। আইবির আইজি, এসপি ম্যাডাম আছেন, আমাদের বিএসএফের কোম্পানি কমান্ডাররা আছেন। ঘোজাডাঙ্গা স্থলবন্দরের যেসব বিষয় আমাদের সামনে আসছে, তার মধ্যে কিছু বেআইনি অনুপ্রবেশের বিষয়ে আলোচনা হয়েছে। এই মিটিংয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বিএসএফ এবং পুলিশ মিলে প্রতিদিন একটা যৌথ টহল দেবে। দালালদের একটি তালিকা জমা পড়েছে। তাদের থানায় ডেকে জিজ্ঞাসাবাদ করার জন্য বলা হয়েছে।’ তিনি আরও বলেন, ‘আন্তর্জাতিক সীমানায় কাঁটাতারের বেড়ার জন্য যে জমি কেনা হয়েছে সে সব নিয়েও আলোচনা হয়েছে। যারা জমি দিয়েছে তাদের এনওসি কালেক্ট করা হচ্ছে। এই কাজটা আমাদের নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে।’ শিল্পা গৌরীসারিয়া বলেন, ‘৩৫৩ একর জমি অধিগ্রহণ করতে হবে। এর মধ্যে ১৮০ একর জমি হস্তান্তর করা হয়েছে বিএসএফকে। বাকি অংশের কাজ চলছে।’

পাকিস্তানকে হোয়াইটওয়াশ করে

শান্তরা। ঘরের মাটিতে টেস্ট সিরিজে প্রথমবার হোয়াইটওয়াশ করেছে বাংলাদেশ। সেই সঙ্গে পাক বাহিনীকে টানা দ্বিতীয়বার ধবলধোলাই করেছে টাইগাররা। আর এ জয়ের পরই বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট টেবিলে হালনাগাদ এনেছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি। সেখানে ভারতকে পেছনে ফেলে পঞ্চম স্থানে উঠে এসেছে বাংলাদেশ। টেবিলের বর্তমান হিসাব অনুযায়ী, ভারতের শতকরা জয়ের হার ৪৮.১৫ শতাংশ। এখন পর্যন্ত নয়টি ম্যাচ খেলে চারটি করে জিতেছে এবং হেরেছে তারা। আর ড্র করেছে একটি ম্যাচ। পয়েন্ট টেবিলে তাদের অবস্থান ছয় নম্বরে। এদিকে ২০২৫-২৭ মৌসুমে এখন পর্যন্ত চারটি ম্যাচ খেলেছে বাংলাদেশ। দুটি জয়ের বিপরীতে বাংলাদেশ হেরেছে একটি ম্যাচে। আর ড্র করেছে একটিতে। তাতেই বাংলাদেশের জয়ের হার শতকরা ৫৮.৩৩। টেবিলে সবার উপরে অবস্থান করছে অস্ট্রেলিয়া। সাত ম্যাচে ছয়টিতেই জিতেছে তারা। হেরেছে একটি ম্যাচে। ফলে তাদের জয়ের হার ৮৭.৫০ শতাংশ। টেবিলের দুই নম্বরে অবস্থান নিউজিল্যান্ডের। তিন ম্যাচ খেলে দুটি জয় ও একটি ড্র করেছে কিউইরা। এছাড়া তিন ও চার নম্বরে যথাক্রমে অবস্থান করছে দক্ষিণ আফ্রিকা ও শ্রীলঙ্কা। উল্লেখ্য, সিলেটে টেস্টের শুরুতে ব্যাট করতে নেমে লিটন দাসের সেঞ্চুরি নিজেদের প্রথম ইনিংসে ২৭৮ রান করেছিল বাংলাদেশ। জবাবে ২৩২ রানে থামে পাকিস্তান। ফলে ৪৬ রানে লিড পায় স্বাগতিকরা। দ্বিতীয় ইনিংসে বাংলাদেশ ৩৯০ রান করলে টার্গেট দাঁড়ায় ৪৩৭ রানে। কিন্তু পাকিস্তান অলআউট হয়েছে ৩৫৮ রানেই।

মেহেন্দিগঞ্জে ২০০ কৃষকের

মেরিনা আক্তার, শাখা ব্যবস্থাপক সমীর কুমার মাল, সহকারী শাখা ব্যবস্থাপক মো. রাসেল খানসহ বিভিন্ন কর্মসূচির কর্মকর্তা-কর্মচারীরা। অনুষ্ঠানে ব্র্যাক সিড কর্তৃক উদ্ভাবিত হাইব্রিড আমন ধান ‘আলোড়ন ’সহ বিভিন্ন প্রজাতির উন্নতমানের বীজ কৃষকদের মাঝে বিতরণ করা হয়। প্রত্যেক কৃষককে ১ কেজি আমন ধান (আলোরন) ছাড়াও বেগুন, ঢেঁড়স, শসা, লাউ, করলা, পেঁপে, চাল কুমড়া, বরবটি, পুঁইশাক ও ডাঁটাশাকসহ মোট ১১ প্রকারের বীজ প্রদান করা হয়। এ সময় বরিশালের আঞ্চলিক ব্যবস্থাপক দাবি কৃষকদের সঙ্গে বীজ বপন, পরিচর্যা ও উৎপাদন বৃদ্ধির বিভিন্ন কৌশল নিয়ে মতবিনিময় করেন এবং আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন। প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা রিয়াজুল ইসলাম বলেন, “প্রান্তিক কৃষকদের সহায়তায় এ ধরনের উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। উন্নতমানের বীজ ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে এবং কৃষকদের আর্থিক অবস্থার উন্নয়ন ঘটবে।” উপ-সহকারী কৃষি কর্মকর্তা কাউছার আহমেদ বলেন, “উন্নত জাতের বীজ ও সঠিক পরিচর্যার মাধ্যমে কৃষকরা অধিক ফলন পেতে সক্ষম হবেন। কৃষিকে আরও লাভজনক করতে সরকারি ও বেসরকারি উদ্যোগ একসঙ্গে কাজ করছে।” অত্র অফিসের শাখা ব্যবস্থাপক সমির কুমার মাল অফিসে আগন্তুক সম্মানিত গ্রাহকদেরকে দীর্ঘদিন যাবত ব্যাকের সাথে থাকার জন্য আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন জানায় এবং বীজ বিতরণ ও বীমা দাবি প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। অনুষ্ঠান শেষে কৃষকরা ব্র্যাকের এ উদ্যোগকে সময়োপযোগী ও সহায়ক হিসেবে অভিহিত করে সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বাবুগঞ্জে গ্রাম আদালত

প্রশাসন বাবুগঞ্জ কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার আসমা উল হুসনা,অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সহকারী কমিশনার ভূমি কামরুন নাহার তামন্না, আরো উপস্থিত ছিলেন সমাজসেবা কর্মকর্তা, মহিলা বিষয়ক কর্মকর্তা,যুব উন্নয়ন কর্মকর্তা, বেসরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বাবুগঞ্জ উপজেলা প্রেস ক্লাব সভাপতি, এয়ারপোর্ট প্রেস ক্লাব সভাপতি সহ প্রিন্ট ইলেকট্রনিক মিডিয়ায় প্রতিনিধিগন উপস্থিত ছিলেন। বাবুগঞ্জ উপজেলার অগ্রগতি উপস্থাপন করেন বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের উপজেলা সমন্বয়কারী মোঃ পারভেজ মারুফ, তিনি বলেন ২০২৪ সালের ফেব্রুয়ারি থেকে বাবুগঞ্জ উপজেলার ৬ টি ইউনিয়নে ৫৮৮ টি মামলা দায়ের হয়েছে উচ্চ আদালত থেকে প্রেরিত মামলা ৩২ টি এবং মামলা নিষ্পত্তির হার ৯৮.৮০% বাস্তবায়িত সিদ্ধান্তের হার ৯৬.৩৫%? ক্ষতিপূরণ আদায় ১১৪৫৯৬০০ টাক, নারী আবেদনকারী ১৭৪ টি, বিচার প্রক্রিয়ার নারী অংশগ্রহণকারী ২৯.৬০%। প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার বাবুগঞ্জ বলেন সাধারণ জনগণ এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠী যাতে গ্রাম আদালত সেবা নিতে পারে সে জন্য তাদের মধ্যে গ্রাম আদালতের সুবিধা সম্পর্কে ব্যাপক প্রচারণা চালানো জরুরি এবং সরকারি বেসরকারি প্রতিষ্ঠান গুলোর মাঠ পর্যায়ের প্রোগ্রাম গুলোতে গ্রাম আদালত প্রচারণার অনুরোধ করেন। পরিশেষে সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ গ্রাম আদালত কার্যক্রম প্রচারণার বিষয়ে একটি পরিকল্পনা প্রনয়ণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন।

বাউফলে সাইবার মামলায়

লুট ও চাঁদাবাজির অভিযোগে দায়ের হওয়া মামলায় গত ২৬ মার্চ পুলিশ তাকে গ্রেফতার করে কারাগারে পাঠায়। ওই ঘটনার পর তাকে সাময়িক বরখাস্ত করে কর্তৃপক্ষ। থানা ও আদালত সূত্রে জানা গেছে, আবু সাঈদ ইছা ওরফে শরীফ তালুকদার নামের এক ব্যক্তি তার পরিবারকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে মিথ্যা তথ্য, গালাগাল ও মানহানিকর বক্তব্য প্রচারের অভিযোগ এনে গত ১৪ মে বরিশাল সাইবার ট্রাইব্যুনালে মামলা দায়েরের আবেদন করেন। ট্রাইব্যুনালের বিচারক শারমিন জাহান অভিযোগটি আমলে নিয়ে মামলা রুজুর নির্দেশ দেন এবং তদন্তের দায়িত্ব বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) দেন। পরে আদালতের নির্দেশে বাউফল থানা সাইবার সুরক্ষা আইনের ১৭, ২৫ ও ৩০ ধারায় মামলা রুজু করে। মামলাটির নম্বর ৩৫। বাদী পক্ষের আইনজীবী মো. হারুন অর রশিদ বলেন, অলিউল্লাহ আদালতে হাজির হয়ে আগাম জামিন চাইলে। আদালত জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। বাউফল থানার ওসি সিরাজুল ইসলাম বিষয়টির সত্যতা নিশ্চিত করে বলেন, “আদালতের নির্দেশে মামলা রুজু করা হয়েছে। মামলাটি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে।”

বলেশ্বর নদী থেকে ট্রলারসহ

মো. হানিফা (৩৫), হৃদয় (২৪), সুমন (৩০), মো. ইয়াসিন (১৮) এবং অপর এক অজ্ঞাতপরিচয় জেলে। তারা সবাই পাথরঘাটা উপজেলার রুহিতা এলাকার বাসিন্দা বলে জানা গেছে। খোঁজ নিয়ে জানা যায়, রাতে বলেশ্বর নদীর কটকা নামক এলাকায় কয়েকটি ট্রলারের জেলেরা মাছ শিকার করছিলেন। এ সময় হঠাৎ তাদের ওপর হামলা চালায় জলদস্যুরা। পরে মাছ ধরার একটি কাঠের তৈরি ট্রলারসহ মোট ১২ জন জেলেকে অপহরণ করে নিয়ে যায় তারা। এ সময় ২২ জেলে জলদস্যুদের হাত থেকে পালিয়ে তীরে ফিরে আসেন। তবে এখন পর্যন্ত অপহরণের শিকার ওই জেলেদের অবস্থান সম্পর্কে জানা যায়নি। এ বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, নদীতে মাছ শিকার করার সময় দুই ট্রলারের ১২ জন জেলেকে জলদস্যুরা অপহরণ করেছে। এ সময় একটি ট্রলারও জলদস্যুরা নিয়ে গেছে। তবে কোথায় নিয়ে গেছে এবং কোন জলদস্যুরা অপহরণ করছে তা কিছুই এখন পর্যন্ত জানতে পারিনি। এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার (পাথরঘাটা সার্কেল) শাহেদ আহমেদ চৌধুরী বলেন, প্রাথমিকভাবে ১২ জেলের অপহরণের খবর আমরা পেয়েছি। খবর পাওয়ার পর থেকেই বরগুনা জেলা পুলিশ কাজ করছে।

সরকারের উন্নয়ন কার্যক্রম

জনসচেতনতা বৃদ্ধি ও উন্নয়ন কার্যক্রমের ইতিবাচক ফলাফল তুলে ধরতে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সভায় সভাপতিত্ব করেন জেলা তথ্য অফিসের উপ-পরিচালক পরীক্ষিত চৌধুরী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা তথ্য অফিসের সহকারী পরিচালক সাইফুদ্দিন আল মাদানি। প্রেস ব্রিফিংয়ে সরকারের নির্বাচনী ইশতেহারভিত্তিক বিভিন্ন জনকল্যাণমূলক উদ্যোগ ফ্যামিলি কার্ড, স্মার্ট কৃষি কার্ড, কৃষি ঋণ মওকুফ, খাল খনন ও পুনঃখনন এবং বৃক্ষরোপণ কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরা হয়। এ সময় বক্তারা বলেন, এসব কর্মসূচির মাধ্যমে সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন, কৃষিখাতের আধুনিকায়ন এবং পরিবেশ সংরক্ষণে ইতিবাচক পরিবর্তন আসছে। একই সঙ্গে গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের কার্যক্রম আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আলাউদ্দীন ভূঞা জনীসহ জেলা প্রশাসন ও তথ্য অফিসের কর্মকর্তারা এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেন্দীগঞ্জে লোহার সেতু ভেঙে

মো. বাচ্চু দেওয়ান বলেন, সেতুটি ভেঙে পড়ায় গ্রামবাসী বিপদে পড়ে যায়। পরে এলাকার সাধারণ মানুষের সহায়তায় ৯ হাজার টাকা সংগ্রহ করে একটি ছোট নৌকার ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে শিশু, নারী ও পুরুষ সবাই ঝুঁকি নিয়ে সেই নৌকায় খাল পার হচ্ছে। সেতুটি দ্রুত পুনর্নির্‌মাণ করা না হলে বর্ষা মৌসুমে ভোগান্তি আরও বাড়বে। ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোশাররফ হোসেন আকন বলেন, সেতুটি অপসারণ করে নতুন ঢালাই সেতু নির্মাণের জন্য স্থানীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদে আবেদন করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রশাসক মো. রিয়াজুর রহমান বলেন, ভাঙা সেতুটি দ্রুত অপসারণের জন্য চেয়ারম্যানকে নির্দেশনা দেওয়া হয়েছে। শিগগির নতুন সেতু নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

আমতলীতে কাঠের

দিয়ে লোকজন মোটরসাইকেল অটো রিকশা নিয়মিত যাতায়াত করে আসছে কিন্তু বিজ্রটি কাঠের হাওয়ায় অতি বৃষ্টি ও রোধে পুরান হয়ে চলা চলে অযোগ্য জরাজীর্ণ ও বেহাল অবস্থা হয়ে পড়ছে। জানা গেছে, হলদিয়া খালের ওপর ৮৮ মিটার দৈর্ঘ্যের আয়রন ব্রিজটি নিম্নমানের সামগ্রী দিয়ে নির্মাণ করায় ২০২৪ সালের জুন মাসের মাঝামাঝি একটি মাইক্রোবাসসহ ভেঙে খালে পড়ে যায়।ওই দুর্ঘটনায় মাইক্রোবাসে থাকা ১২ জন যাত্রীর মধ্যে ৯ জন মারা যায়। দীর্ঘ কয়েক মাস ধরে এলাকার জনসাধারণ দীর্ঘ পথপাড়ি দিয়ে আমতলী উপজেলা সদরে আসা-যাওয়া করত। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামীলীগ সরকারের পতন হলে আমতলী উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক মো. মকবুল হোসেন খান ও স্থানীয় জনসাধারনের সহযোগিতায় কাঠের ব্রীজটি তৈরির করেন। কাঠ দিয়ে নির্মিত ব্রীজে ভাড়ী মালবোঝাই কোনো যানবাহন চলাচল করতে পারছে না,যাত্রী বিহিন অটো রিকসা, ও মটর সাইকেল ও জনসাধারণ চলাচল করছেন। উক্ত কাঠের ব্রিজ দিয়ে হলদিয়া ইউনিয়নের টেপুরা,পূর্বচিলা,দক্ষিণ তক্তাবুনিয়া,পশ্চিমচিলা.গুরু দলু চাওড়া ইউনিয়নের কাউনিয়া,চন্দ্রা, পাতাকাটা ও হলদিয়া হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়, ইউনিয়ন ভূমি অফিস, কাউনিয়া মাধ্যমিক বিদ্যালয় সহ কয়েকটি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও গ্রামের জনসাধারণ চলাচল করছেন আমতলী উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক মো.মকবুল হোসেন খান বলেন,আমতলী সদরের সঙ্গে হলদিয়া ইউনিয়নের সবথেকে গুরুত্বপূর্ণ পথ হল হলদিয়া সেতুটি। দ্রত গার্ডার সেতু নির্মান করার দাবি জানাই। দুই বছর হলো সেতুটি ভেঙ্গে গেছে এখনো টেন্ডার হয়নি, কাঠের ব্রিজ দিয়ে জনসাধারণ চলাচল করছে তাও বেহাল দশা উক্ত কাঠের বিজ্র পুনঃ মেরামত করার জন্য জেলা পরিষদ চেয়ারম্যান ও আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে জনগনের পক্ষ থেকে জোর আবেদন জানাচ্ছি। আমতলী উপজেলা প্রকৌশলী মো.ইদ্রিস আলী বলেন,২৩ কোটি টাকা নির্মাণ ব্যয় ধরে গার্ডার সেতু স্থাপনের কাজ অনুমোদন করেছে স্থানীয় সরকার মন্ত্রণালয় ।এমাসের মধ্যেই দরপত্র আহন করা হবে ।যাতে দ্রত কাজ হয়, সে ব্যাপারে সর্বোচ্চ চেষ্টা থাকবে।

চাঁদা না পেয়ে জেলেসহ নৌকা

জয়ন্তী নদীর ভেদুরিয়া ও ব্যাপারীর হাট এলাকায় অভিযান চালিয়ে জেলেদের কাছ থেকে টাকা আদায় করে। ১৮ মে বিকেলে তাঁর ছেলে ছাব্বির ও তারেক টাকা দিতে অস্বীকৃতি জানালে নৌ পুলিশ তাদের নৌকা ডুবিয়ে দেয়। চরকালেখান ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের সদস্য মো. মজিবর খান বলেন, ‘মুলাদী উপজেলার সীমানায় দায়িত্ব পালন করে নাজিরপুর নৌ পুলিশ। অথচ হিজলা নৌ পুলিশ সেখানে অবৈধভাবে অভিযান চালিয়ে বিভিন্ন জেলের কাছ থেকে টাকা নিয়েছে। তারা সজল হাওলাদারের কাছ থেকে ১৪ হাজার টাকা, নান্নু হাওলাদারের কাছ থেকে ২ হাজার টাকা, মামুন হোসেনের কাছ থেকে ৪ হাজার টাকা এবং সজল হোসেনের কাছ থেকে ১৪ হাজার টাকা নিয়েছে।’ নৌ পুলিশের চাঁদাবাজিতে অতিষ্ঠ হয়ে জেলেরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন এবং এলাকায় বিক্ষোভ করেছেন বলেও জানান তিনি। তবে হিজলা নৌ পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা গৌতম চন্দ্র মণ্ডল অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেন, মুলাদী উপজেলা এলাকায় অভিযানের এখতিয়ার হিজলা নৌ পুলিশের নেই। ১৮ মে হিজলা নৌ পুলিশ ফাঁড়ি থেকে কোনো ট্রলার অভিযানে যায়নি। জেলেদের কাছ থেকে টাকা নেওয়ার বিষয়েও তিনি কিছু জানেন না। এ বিষয়ে কেউ লিখিত অভিযোগ করলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

অটোরিকশার ধাক্কায় ও পানিতে

পরিবারের সদস্যরা তাকে খোঁজ করলেও প্রথমে কোথাও পাননি। খোঁজাখুজির একপর্যায়ে বসতঘরের পাশে থাকা পুকুরে তাসফিয়াকে ভাসতে দেখে স্বজন ও আশপাশের লোকজন তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য ভোলার ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নেয়। সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন এবং সন্ধ্যায় তাকে দাফন করা হয়েছে। এদিকে শিশু আফনানের বাবা মো. হাবিব বলেন, আমার ছেলে দোকানে যাওয়ার উদ্দেশ্যে বসতঘর থেকে বেরিয়ে রাস্তা পার হওয়ার সময় বিপরীতে দিক থেকে আসা দ্রুতগতির একটি অটোরিকশা তাকে ধাক্কা দিলে সড়কে ছিটকে পড়ে এবং গুরুতর আহত হয় আমার ছেলে। পরবর্তীতে আশপাশের লোকজন এগিয়ে এসে ছেলেকে চিকিৎসার জন্য হাসপাতালে নিলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। আমার কোনো অভিযোগ নেই। দুই শিশু মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে ভোলা সদর মডেল থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ মনিরুল ইসলাম বলেন, খবর পেয়ে হাসপাতাল ও ঘটনাস্থলে থানা পুলিশ গিয়েছিল। তবে, নিহত শিশুদের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ না পাওয়ায় বিনা ময়নাতদন্তে মরদেহগুলো পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বিদ্যুতের পাইকারি ও খুচরা

দীর্ঘদিনের অব্যবস্থাপনা, উচ্চ ব্যয়ের প্রকল্প ও জ্বালানি নির্ভরতার দায় এখন সাধারণ গ্রাহকের ওপর চাপানো হচ্ছে। চলতি মাসের প্রথম সপ্তাহে পিডিবি প্রতি ইউনিট বিদ্যুতের পাইকারি মূল্য ১ টাকা ২০ পয়সা থেকে ১ টাকা ৫০ পয়সা পর্যন্ত বাড়ানোর প্রস্তাব দিয়েছে। বিতরণ কোম্পানিগুলোও সেই প্রস্তাবের সঙ্গে সমন্বয় করে খুচরা পর্যায়ে আনুপাতিক হারে দাম বাড়ানোর কথা জানিয়েছে। বর্তমানে পিডিবির প্রতি ইউনিট বিদ্যুৎ উৎপাদন খরচ প্রায় ১২ টাকা ৫০ পয়সা। অথচ পিডিবি পাইকারি পর্যায়ে বিদ্যুৎ বিক্রি করে প্রায় ৭ টাকায়। ফলে প্রতি ইউনিটে সরকারকে প্রায় সাড়ে পাঁচ টাকা ভর্তুকি দিতে হচ্ছে। গত অর্থবছরে বিদ্যুৎ খাতে সরকারের ভর্তুকির পরিমাণ ছিল প্রায় ৪০ হাজার কোটি টাকা। চলতি অর্থবছরে আরও ২০ হাজার কোটি টাকা অতিরিক্ত ভর্তুকি চেয়েছে বিদ্যুৎ বিভাগ। এতে মোট ভর্তুকির পরিমাণ দাঁড়াতে পারে ৬০ হাজার কোটি টাকায়। বিদ্যুৎ বিভাগের কর্মকর্তারা বলছেন, সরকারের পক্ষে এত বড় অঙ্কের ভর্তুকি বহন করা কঠিন হয়ে পড়েছে। এ কারণেই পাইকারি ও খুচরা উভয় পর্যায়ে দাম বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। যদিও নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর অন্তত দুই বছর বিদ্যুতের দাম না বাড়ানোর ঘোষণা দিয়েছিল। প্রসঙ্গত, বিদ্যুতের বর্তমান খুচরা মূল্য ইউনিটভেদে নির্ধারণ করা হয়। এখন শূন্য থেকে ৫০ ইউনিট পর্যন্ত প্রতি ইউনিটের দাম ৪ টাকা ৬৩ পয়সা। ৫১ থেকে ৭৫ ইউনিটে ৫ টাকা ২৬ পয়সা, ৭৬ থেকে ২০০ ইউনিটে ৭ টাকা ২০ পয়সা এবং ৬০০ ইউনিটের বেশি ব্যবহারে প্রতি ইউনিটের দাম ১৪ টাকা ৬১ পয়সা। এর সঙ্গে ভ্যাট, মিটার ভাড়া ও অন্যান্য চার্জও যুক্ত হয়। তবে বিইআরসি সূত্র বলছে, লাইফলাইন গ্রাহক, অর্থাৎ যারা মাসে ৭০ থেকে ৭৫ ইউনিট বিদ্যুৎ ব্যবহার করেন, তাদের আপাতত বাড়তি মূল্যচাপের বাইরে রাখার চিন্তা করা হচ্ছে। এদিকে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) সঞ্চালন চার্জও প্রতি ইউনিটে আরও ১৬ পয়সা বাড়ানোর প্রস্তাব দিয়েছে। বেসরকারি চাকরিজীবী শাহ আলম বলেন, আমরা এমনিতেই দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে হিমশিম খাচ্ছি। এ অবস্থায় দাম বাড়ানো হলে বিদ্যুতের বাড়তি বিল দেওয়ার পাশাপাশি সব ধরনের পণ্যের দামও বেড়ে যাবে। ফলে আমাদের মতো মধ্যবিত্তদের সংকট আরও বাড়বে। একই ধরনের উদ্বেগের কথা জানালেন লালমাটিয়ার বাসিন্দা শামিমা আক্তার। তিনি বলেন, সরকার কয়দিন আগেই তেল ও এলপিজির দাম বাড়ালো। এখন আবার বিদ্যুতের দাম বাড়ালে আমরা যাবো কোথায়? কীভাবে চলবো? আমাদের আয় বাড়েনি, কিন্তু খরচ বেড়েই চলছে। এসব কিছু সরকারের বিবেচনা করা উচিত। জ্বালানি বিশেষজ্ঞ শামসুল আলম বলেন, ‘‘দীর্ঘদিনের লুটপাট, উচ্চ ব্যয় ও অদক্ষতার দায় এখন সাধারণ মানুষের ওপর চাপানো হচ্ছে।’’ তার মতে, বিদ্যুৎ খাতের কাঠামোগত সমস্যার সমাধান না করে বারবার দাম বাড়ানো হলে ভোগান্তি আরও বাড়বে। তবে জ্বালানি বিশেষজ্ঞ ড. ইজাজ হোসেন মনে করেন, সরকারের এই ভর্তুকি থেকে বের হয়ে আসা জরুরি। এ জন্য সরকারকে বিদ্যুতের দাম কিছুটা বাড়াতে হবে। তবে এভাবে দাম বাড়িয়ে ভর্তুকি বন্ধ করা সম্ভব না। এ জন্য সরকারকে পরিকল্পিতভাবে এগোতে হবে। বিইআরসি’র চেয়ারম্যান জালাল আহমেদ জানিয়েছেন, প্রথমে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) পাইকারি ও খুচরা উভয় পর্যায়ে দাম বাড়ানোর প্রস্তাব জমা দেয়। পরে অন্যান্য বিতরণ কোম্পানিও খুচরা পর্যায়ে দাম বাড়ানোর প্রস্তাব জমা দিয়েছে। এসব প্রস্তাবের ভিত্তিতেই গণশুনানির তারিখ ২০ ও ২১ মে নির্ধারণ করা হয়েছে। গণশুনানিতে পাওয়া মতামত যাচা-বাছাই এবং বিইআরসির কারিগরি কমিটির মূল্যায়নের পরই বলা যাবে বিদ্যুতের দাম বাড়বে কিনা।

পাকিস্তানকে হোয়াইটওয়াশ করে ভারতকে পেছনে ফেলল বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

দলের দুঃসময়ে লিটন দাসের সেঞ্চুরি এবং ম্যাচের শেষ ইনিংসে তাইজুল ইসলামের নেওয়া ছয় উইকেটের সুবাদে সিলেট টেস্ট নিজেদের করে নিয়েছে বাংলাদেশ। ৭৮ রানের জয়ের মাধ্যমে অনন্য কীর্তি গড়েছেন নাজমুল হোসেন ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২১ মে ২০২৬ ॥ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩

সীমান্তে বেড়া নির্মাণে তোড়জোড় পশ্চিমবঙ্গে জরুরি বৈঠক

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ-ভারত সীমান্তে কাঁটাতারের বেড়া বসাতে ৪৫ দিনের মধ্যে বিএসএফকে জমি হস্তান্তরের সিদ্ধান্ত নিয়েছে পশ্চিমবঙ্গের বিজেপি সরকার। রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এ বিষয়ে নির্দেশ দেওয়ার পর জরুরি বৈঠক ৩ এর পাতায় দেখুন

বিদ্যুতের পাইকারি ও খুচরা দাম বাড়ানোর বড় প্রস্তাব

কীর্তনখোলা ডেস্ক

জ্বালানি সংকট, ভর্তুকির চাপ আর বাড়তি ব্যয়ের বোঝা গিয়ে পড়ছে গ্রাহকের ঘাড়ে। তেল ও এলপিজির দাম বৃদ্ধির পর গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোর প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে শুরু হচ্ছে আজ বুধবার (২০ মে) থেকে। পাইকারি ও খুচরা উভয় পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোর প্রস্তাবের ওপর আজ ও কাল (বুধ ও বৃহস্পতি) গণশুনানির আয়োজন করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। সংশ্লিষ্টরা বলছেন, অতীতের অভিজ্ঞতা হচ্ছে গণশুনানির পর প্রায় প্রতিবারই বিদ্যুতের দাম বেড়েছে। ফলে এবারও দাম বৃদ্ধি প্রায় নিশ্চিত বলেই মনে করছেন তারা। বিদ্যুৎ বিভাগ ও বিতরণ কোম্পানিগুলোর দাবি, উৎপাদন ব্যয় ও ভর্তুকির চাপ সামাল দিতেই এই মূল্য সমন্বয় করা প্রয়োজন। তবে বিশেষজ্ঞদের একাংশ বলছেন, বিদ্যুৎ খাতে ৩ এর পাতায় দেখুন

চাঁদা না পেয়ে জেলেসহ নৌকা ডুবিয়ে দিলো নৌ পুলিশ

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে চাঁদা না পেয়ে জেলেসহ একটি মাছ ধরার নৌকা ডুবিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে হিজলা নৌ পুলিশের বিরুদ্ধে। এই ঘটনায় বিক্ষুব্ধ জেলেরা নৌ পুলিশ সুপারের কাছে অভিযোগ দিয়েছেন এবং চাঁদাবাজি বন্ধের দাবিতে বিক্ষোভ করেছেন। অভিযোগ রয়েছে, গত সোমবার (১৮ মে) বিকেলে হিজলা নৌ পুলিশ সদস্যরা মুলাদী উপজেলার চরকালেখান ইউনিয়নের ভেদুরিয়া এলাকায় অভিযান চালিয়ে একটি জেলে নৌকা ডুবিয়ে দেন। এতে নৌকায় থাকা জেলে তারেক পানিতে ডুবে নিখোঁজ হন। পরে স্থানীয় জেলেরা জাল ফেলে তাকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। অপর জেলে ছাব্বির সাঁতরে তীরে উঠতে সক্ষম হন। ভেদুরিয়া গ্রামের বাসিন্দা বাবুল হাওলাদার অভিযোগ করেন, হিজলা নৌ পুলিশ সপ্তাহে তিন থেকে চার দিন ৩ এর পাতায় দেখুন

মেহেন্দীগঞ্জে লোহার সেতু ভেঙে খালে, ভোগান্তিতে সহস্রাধিক মানুষ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দীগঞ্জে পাঁচ দিন ধরে ভেঙে পড়া একটি লোহার সেতু খালে পড়ে আছে। এখন পর্যন্ত ভাঙা সেতুটি খাল থেকে সরিয়ে নেওয়া হয়নি। এই অবস্থায় খালে ট্রলার বা বড় নৌকা চলাচল বন্ধ রয়েছে। ঝুঁকি নিয়ে লোকজন ডিঙি নৌকায় খাল পারাপার করছেন। এই অবস্থায় দুই গ্রামের সহস্রাধিক মানুষ ভোগান্তির শিকার হচ্ছে। গত শুক্রবার (১৫ মে) উপজেলার দড়িচর খাজুরিয়া ইউনিয়নের পশ্চিমেচরচর খালের একমাত্র সেতুটি ভেঙে পড়ে। এতে দড়িচর খাজুরিয়া ও খাজুরিয়া গ্রামের লোকজন বিপাকে পড়েছেন। দড়িচর খাজুরিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড সদস্য ৩ এর পাতায় দেখুন

অটোরিকশার ধাক্কায় ও পানিতে ডুবে ২ শিশু নিহত

ভোলা প্রতিনিধি

ভোলা সদর উপজেলায় ব্যাটারিচালিত অটোরিকশাচাপায় ও পুকুরে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। উপজেলার পৃথক এলাকায় এসব দুর্ঘটনা ঘটে। নিহতরা হলো- চরসামাইয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মসজিদ মার্কেট সংলগ্ন এলাকার বাসিন্দা মো. রিয়াজের ৫ বছর বয়সী কন্যা তাসফিয়া আক্তার ও পূর্ব ইলিশা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো.হাবিবের ৬ বছর বয়সী পুত্র আফনান হোসেন। শিশু তাসফিয়ার বাবা মো. রিয়াজ জানান, মঙ্গলবার দুপুর আনুমানিক দেড়টার দিকে তাসফিয়ার মা ও পরিবারের অন্যান্য সদস্যরা রান্নাবান্নাসহ অন্যান্য কাজ করছিল। এই ফাঁকে তাসফিয়া ঘর থেকে বেরিয়ে যায়। পরবর্তীতে ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে ২০০ কৃষকের মাঝে উন্নত বীজ বিতরণ

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জে প্রান্তিক কৃষকদের কৃষি উৎপাদন বৃদ্ধি ও টেকসই সহায়তা প্রদানের লক্ষ্যে ব্র্যাকের মাইক্রোফাইন্যান্স 'দাবি প্লাস' কর্মসূচির আওতায় উপজেলার ২০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে উন্নতমানের ধান ও সবজির বীজ বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (১৯ মে) সকাল ১১টায় ব্র্যাক অফিসে আয়োজিত এ বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রিয়াজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-সহকারী কৃষি কর্মকর্তা কাউছার আহমেদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্র্যাকের রিজিওনাল ম্যানেজার পাপড়ি বাড়ৈ, সিনিয়র এলাকা ব্যবস্থাপক কিরণ চন্দ্র পান্ডে (দাবি), উপজেলা হিসাব ব্যবস্থাপক শান্তি রঞ্জন ভদ্র, এলাকা ব্যবস্থাপক (প্রগতি) ৩ এর পাতায় দেখুন

শতবর্ষের করালগ্রাসী বিষখালী: বাঁধ ভাঙে ঘর ভাসে, তবুও মেলে না স্থায়ী সুরক্ষা

বরগুনা প্রতিনিধি

এক সময়ের মাঝারি আকারের একটি খাল আজ প্রায় ১০ কিলোমিটার বিস্তৃত ভয়াল বিষখালী নদী। 'নদীর এ কূল ভাঙে, ও কূল গড়ে'- বাংলার এই বহুল প্রচলিত প্রবাদটি যেন বিষখালীর কাছে এসে হার মেনেছে। কারণ, এ নদী শুধু ভেঙেই চলে, গড়ে না কিছুই। বছরের পর বছর ধরে এটি গ্রাস করে নিচ্ছে উপকূলের বসতভিটা, ফসলি জমি, শিক্ষাপ্রতিষ্ঠান, কবরস্থানসহ হাজারো মানুষের বেঁচে থাকার স্বপ্ন। বরগুনার উপকূলীয় জনপদ নলটোনা ও আশপাশের বিস্তীর্ণ এলাকায় বিষখালী নদীর ভয়াল ভাঙন এখন জনজীবনের স্থায়ী আতঙ্কে পরিণত হয়েছে। স্থানীয়দের অভিযোগ, যুগের পর যুগ ধরে নদীভাঙন অব্যাহত থাকলেও স্থায়ী প্রতিরোধ ব্যবস্থা বা টেকসই ৩ এর পাতায় দেখুন

যুবদল নেতার বিরুদ্ধে দুই জামায়াত নেতাকে নির্যাতনের অভিযোগ

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনের আসলামপুরের যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক শাহিন দালালের নেতৃত্বে তার বাহিনী কর্তৃক স্থানীয় জামায়াত কর্মী জলিলকে আসলামপুর ইউনিয়ন বিএনপির অফিসে আটকে হাত-পা বেঁধে অমানুষিক নির্যাতন করার অভিযোগ উঠেছে। মঙ্গলবার রাত ৯টার দিকে আসলামপুর ইউনিয়নের আবুগঞ্জ বাজারে এই ঘটনা ঘটে। এ সময় জলিলের সঙ্গে থাকা আসলামপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর সভাপতি ও উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাবেক সভাপতি মাওলানা মাহবুবকেও পিটিয়ে রক্তাক্ত জখম করা হয়। খবর পেয়ে পুলিশ গিয়ে তাদের উদ্ধার করে। এ সময় বিএনপির অফিসে পাওয়া ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় শিক্ষার্থীদের মানববন্ধন ও স্মারকলিপি প্রদান

কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি।। ধর্ষণ, হত্যা, নারী নির্যাতন ও সহিংসতা বন্ধে এবং নির্যাতনের ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। বুধবার বেলা ১১ টায় কলাপাড়া প্রেসক্লাবের সামনে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ নেটওয়ার্ক ও জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় সাধারন ছাত্রজনতা এর আয়োজন করে। ৩ এর পাতায় দেখুন

আমতলীতে কাঠের ব্রিজটির বেহাল দশা

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলী উপজেলার হলদিয়া ইউনিয়নের হলদিয়া ও চাওড়া খালের উপর নির্মিত কাঠের তৈরি ব্রীজ টির বেহাল দশা, দেখার কেউ নেই। বিজ্রটি দিয়ে দৈনন্দিন চলাচল করছেন দুটি ইউনিয়নের লক্ষাধিক মানুষ। ২০২৪ সালে আমতলী উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক হলদিয়ার বিশিষ্ট সমাজসেবক মো.মকবুল হোসেন খান ও এলাকাবাসীর সহযোগিতায় কাঠের ব্রীজটি নির্মিত হয়। নির্মিত হওয়ার পর থেকে প্রায় দুই বছর উক্ত ব্রিজা ৩ এর পাতায় দেখুন

বাউফলে সাইবার মামলায় কারাগারে উপ-খাদ্য পরিদর্শক

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলের আলোচিত উপ-খাদ্য পরিদর্শক মো. অলিউল্লাহ (৪৪) এবার সাইবার সুরক্ষা আইনের মামলায় কারাগারে গেছেন। মঙ্গলবার (১৯ মে) পটুয়াখালীর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে আগাম জামিনের আবেদন করলে আদালত তা নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। আদালতের বিচারক ছিলেন নওরীন করিম। বাউফল থানা সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। মো. অলিউল্লাহ বাউফল উপজেলার নাজিরপুর ইউনিয়নের বড় ডালিমা গ্রামের বাসিন্দা। তিনি মির্জাগঞ্জ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের উপ-খাদ্য পরিদর্শক হিসেবে কর্মরত ছিলেন। এর আগে কৃষকের তরমুজ ৩ এর পাতায় দেখুন

সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে গণমাধ্যমের ভূমিকা জোরদারের আহ্বান

পিরোজপুর প্রতিনিধি

সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে গণমাধ্যমের ভূমিকা জোরদারের আহ্বান পিরোজপুরে প্রেস ব্রিফিং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের আওতায় বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন ও জনকল্যাণমূলক কর্মসূচির সুফল জনগণের মাঝে তুলে ধরতে পিরোজপুরে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২০ মে) দুপুর ১২টায় পিরোজপুর জেলা প্রশাসকের কার্যালয়ের শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষে জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস, পিরোজপুরের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুরের জেলা প্রশাসক আবু সাঈদ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সরকারের উন্নয়নমূলক কর্মসূচিগুলো গণমাধ্যমের মাধ্যমে জনগণের কাছে সঠিকভাবে তুলে ধরতে হবে। পাশাপাশি গুজব ও অপপ্রচার প্রতিরোধে সাংবাদিকসহ সকলকে সচেতন থাকতে হবে। তিনি আরও বলেন ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে গ্রাম আদালত বিষয়ক কর্মশালা

বাবুগঞ্জ প্রতিনিধি

বাবুগঞ্জ উপজেলা পর্যায়ে গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে স্থানীয় সরকারি বেসরকারি সমূহের অংশগ্রহণে সমন্বিত পরিকল্পনা প্রনয়ণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ২০/০৫/২৬ ইং তারিখ বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভা কক্ষে বাবুগঞ্জ উপজেলা পর্যায়ে গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে স্থানীয় সরকারি বেসরকারি সমূহের অংশগ্রহণে সমন্বিত পরিকল্পনা প্রনয়ণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ভিজিএফের চাল বিতরণে অনিয়ম

কাউখালী প্রতিনিধি

আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে পিরোজপুরের কাউখালী উপজেলায় সরকারের পক্ষ থেকে ১০ হাজার ২২০টি পরিবারের মাঝে ১০ কেজি করে ভিজিএফের চাল বিনামূল্যে বিতরণ করা হয়েছে। তবে চাল বিতরণে অনিয়মের অভিযোগ উঠেছে উপজেলার কয়েকটি ইউনিয়নে। সুবিধাভোগীদের অভিযোগ, সরকারিভাবে ১০ কেজি চাল দেওয়ার কথা থাকলেও অনেক স্থানে বালতি দিয়ে মেপে ৮ থেকে ৯ কেজি পর্যন্ত চাল বিতরণ করা হয়েছে। চাল বিতরণের সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামানের সামনেই কয়েকজন সুবিধাভোগীর চাল মেপে দেখা যায়, কেউ পেয়েছেন ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ঈদ উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল বিতরণ উদ্বোধন

আগৈলঝাড়া প্রতিনিধি

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বরিশালের আগৈলঝাড়া উপজেলার পাঁচটি ইউনিয়নে হতদরিদ্র ও নিম্ন আয়ের অসহায় মানুষের মাঝে সরকারি খাদ্য সহায়তা কর্মসূচির আওতায় ১০ কেজি করে ভিজিএফ চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে ৪নং গৈলা মডেল ইউনিয়নে চাল বিতরণের মধ্য দিয়ে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক। এ সময় উপস্থিত ছিলেন বিশেষ অতিথি আগৈলঝাড়া উপজেলা বিএনপির সদস্য সচিব মোল্লা বশির আহমেদ পান্না। ৪ নং গৈলা ইউনিয়ন পরিষদের ৩ এর পাতায় দেখুন

বলেশ্বর নদী থেকে ট্রলারসহ ১২ জেলে অপহরণ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় বলেশ্বর নদীতে মাছ ধরার সময় জেলেদের ট্রলারে হামলা চালিয়েছে জলদস্যুরা। এ সময় ১২ জেলেসহ একটি মাছ ধরার ট্রলার নিয়ে গেছে দস্যুরা। বুধবার (২০ মে) দুপুরে বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এর আগে মঙ্গলবার (১৯ মে) রাতে পাথরঘাটা উপজেলার সুন্দরবন সংলগ্ন কটকা খাল এলাকায় এ ঘটনা ঘটে। অপহৃত জেলেরা হলেন- ট্রলার মালিক মো. মাসুম, মো. ইব্রাহিম (৩৮), ইয়াসিন (২৪), মো. হোসেন, তাওহীদ (২২), মো. সেলিম, মো. জাকির মুন্সি (৫৫) ৩ এর পাতায় দেখুন

চট্টগ্রামে চসিক কর্তৃক জুলাইয়ের গ্রাফিতি মুছে ফেলা
এবং গ্রাফিতি অঙ্কনে পুলিশি হামলার
প্রতিবাদে
বরিশালে
গ্রাফিতি পুনর্লিখন
কর্মসূচি
জাতীয় ছাত্রশক্তি, বরিশাল মহানগর

চট্টগ্রামে চসিক কর্তৃক জুলাইয়ের গ্রাফিতি মুছে ফেলা এবং গ্রাফিতি অঙ্কনে পুলিশি হামলার প্রতিবাদে বরিশালে গ্রাফিতি পুনঃলিখন কর্মসূচি -কীর্তনখোলা

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com